উ। তোমবা এমে পড়িরাছ। বতক্ষণ না ঐ এম দুরীভূত হয় ততক্ষণ কেমন করিয়া ঐ এম ধবিতে পারিনে ? যথার্ধ বস্তু ও অবস্থার সহিত ভূলনা কবিয়াই আমরা বাহিবের ও ভিতরের এম ধরিয়া থাকি। পূর্বোক্ত এম ধবিতে হইলেও তোমাদের ঐরূপ জ্ঞানের প্রয়োজন।

প্র। আচহা, ঐরপ ভ্রম হইবাব কাবণ কি, এবং কবে হইভেই বা আমাদেব এই ভ্রম আসিয়া উপস্থিত হইব ?

উ। ভ্রমেন কারণ সর্বতে বাহা দেসিতে পাওয়া বার এখানেও

প্রম বা অজ্ঞানবশত: সভা প্রভাক হয না। অজ্ঞানবিহার পাকিয়া অজ্ঞানের কায়ণ বুঝা যায় না। তাহাই—অজ্ঞান। ঐ অজ্ঞান কখন বে উপস্থিত হইল তাহা কিরূপে জানিবে বল ? অজ্ঞানের ভিতর বতক্ষণ পড়িরা বহিরাছ ততক্ষণ উহা জানিবাব চেষ্টা রুখা। স্বপ্ন বতক্ষণ দেখা ধার ততক্ষণ সত্য বলিয়াই প্রতীতি হয়। নিফাভকে

জাগ্রদবস্থার সহিত তুলনা কবিয়াই উহাকে মিখ্যা বলিয়া ধাবণা হয়।
বলিতে পাব—স্বপ্ন দেখিবাব কালে কখনও কখনও কোন কোন
ব্যক্তিব 'আমি স্বপ্ন দেখিতেছি' এইৰূপ ধাবণা পাকিতে দেখা যায়।
দেখানেও জাগ্রদবস্থাব স্থৃতি হইতেই তাহাদেব মনে ঐ ভাবেব
উদয় হইয়া থাকে। জাগ্রদবস্থায় জগৎ প্রত্যক্ষ কবিবার
কালে কাহারও কাহাবও অন্বয় ব্রহ্মবন্ধর স্থৃতি ঐকপে হইতে
দেখা যায়।

প্র। তবে উপায় ?

উ। উপায়—ঐ অজ্ঞান দূর কর। ঐ এম বা অজ্ঞান যে দূর কবা যায তাহা ভোষাদের নিশ্চিত বলিতে পাবি। পূর্ব পূর্ব শ্রীষশ্বশ উহা দূর করিতে সমর্থ ইইবাছিলেন এবং কেমন করিয়া দূর করিতে ইইবে বলিবা গিয়াছেন।

প্র। আছা, কিন্তু ঐ উপায় জানিবার পূর্বে আবও ছই একটি প্রের করিতে ইচ্ছা হইতেছে। আমরা এত লোকে যাহা দেখিতেছি, প্রেডাক্ষ করিতেছি তাহাকে তুমি ত্রম বলিতেছ, আব অক্সংখ্যক ঋষিরা যাহা বা যেকণে জগওটাকে প্রত্যক্ষ কবিবাছেন তাহাই সত্য বলিতেছ—এটা কি সম্ভব হইতে পাবে না বে, তাহারা বাহা প্রত্যক্ষ করিয়াছেন ভাহাই ভূল ?

উ। বহুসংখ্যক ব্যক্তি বাহা বিশাস কবিবে তাহাই যে সর্বাদ।

সত্য হইবে এমন কিছু নিবম নাই। ঋষিদিগেব

লেকিবাছেন ভাষাই
প্রত্যক্ষ সত্য বলিতেছি কারণ, ন প্রত্যক্ষসহাযে
সত্য। জহাব কারণ। তাহাবা সর্বাবিধ তঃথেব হন্ত হইবে মুক্ত হইবা

সর্বপ্রকারে ভয়প্ত ও চিবশান্তিব অধিকাবী হইবাছিলেন এবং নিশ্চিত
মৃত্যু মানবজীবনেব সকল প্রকাব ব্যবহাবচেন্তাদিব একটা উদ্দেশ্যেবও
সন্ধান পাইরাছিলেন। তদ্রির যথার্থজ্ঞান মানবমনে সন্ধান সহিষ্ঠ্তা,
সন্তোধ, ককণা, দীনতা প্রভৃতি সদ্গুণবাজিন বিকাশ কবিষা উহাকে
আছুত উদারতাসম্পর কবিষা থাকে; ঋষিদিগেব জাবনে উর্লপ
ক্ষাধারণ শুণ ও শক্তিব পবিচর আম্বরা শান্তে পাইষা থাকি, এবং
ভাঁহাদিগের পদাক্ষরণে চলিষা বাহাবা সিদ্ধিলাভ কবেন উ৷হাদিগেব
ভিতরে ন সকলের পবিচর এখনও দেখিতে পাই।

প্র। মাজা, কিন্তু আমাদেব সকলেবই সম একপ্রকাবেব হইল কিরণে গ আমি যেটাকে পশু বলিয়া আনেকের এককপ বস ইইলেও ল্লম ক্ষনও বুঝি তুমিও সেটাকে পশু ভিন্ন মানুষ বালয়া বুঝ সভা হন না। না; এইকপ, দকল বিষয়েই। এত লোকের ব্রিপ্রে সকল বিষয়ে একই কালে একই প্রকার ভুল হওয়া আর আশ্রের সংক্রমী নহে। পাঁচজনে একটা বিষয়ে ভূপ ধারণা করিলেও গছলার নাটি জনের এ বিষয়ে সভান্ত পাকে, সর্বজ্ঞ এইরপই তা ক্রেমপের রক্ষা বিশানে ক্রিক এ নিয়মের একেবারে ব্যতিক্রম হউতেছে। এজন্ত তোমার কথা সন্তবপব বলিরা বোধ হর না।

উ। অল্পসংথাক শ্লবিদিগকে জনসাধাবণের মধ্যে গণনা না কবাভেই ভূমি নিয়মের ব্যতিক্রম এথানে বিবাট মনে জগৎৰূপ দেখিতে পাইডেছ। নভুবা পূর্ব্ব প্রেমেই এ বিষয়েশ্ন কলনা বিভাষান বলি-সাঠ সানস্বাধান্ত্র্যার উত্তর দেওখা হইযাছে। তবে বে. জিজ্ঞানা

য়াই মানবসাধারণেব এবরূপ ভ্রম ইইডেছে। বিরাট মন কিছু ঐজ্ঞ

ভ্ৰমে আবিদ্ধ নতে।

—তাহার উত্তবে শাস বলেন, এক অসীম অনন্ত সমষ্টি-মনে জগৎবাপ কল্পনাৰ উদয় হইয়াছে।

কবিতেছ সকলেব একপ্রকাবে শ্রম হইল কিবলে ?

তোমাব, আমার এবং জনসাধারণের ব্যষ্টিমন ঐ বিবাট মনেব অংশ ও অঙ্গাভূত হওবাৰ আমাদিগকে ঐ একই প্রকার কল্পনা অক্ষতৰ করিছে হইতেছে। এ জন্তই আমরা প্রত্যেক পশুটাকে পশু ভিন্ন জন্ত কিছু বিলায় ইচ্ছামত দেখিতে বা কল্পনা করিতে পাবি না। ঐজন্তই আবার যক্ষার্থ জ্ঞান লাভ কবিরা আমাদের মধ্যে একজন সর্বপ্রকাব ভ্রমেব হস্ত হইতে মুক্তি লাভ করিলেও অপব সকলে বেমন ভ্রমে পদ্বিয়া আছে সেইকগই থাকে। আর এক কথা, বিরাট মনে জগৎক্ষপ কল্পনাব উদয় হইলেও তিনি আমাদিগের মত অজ্ঞানকানে জড়ীভূত হইষা পড়েন না। কারণ, মর্কাদশী তিনি অজ্ঞানপ্রস্কুত জগৎকল্পনার ভিতরে ও বাহিরে অহন বন্ধক্তে পাবি না বিদ্যাই আমাদেব কথা শ্বতম হইনা পড়ে। ঠাকুর বেমন বলিতেন, "সাপের মুধে বিষ রয়েছে, সাপ ঐ মুধ দিবে নিতা আহারাদি কর্চে, সাপের

ভাতে কিছু ইচিচ নিষ্টু কিছ সাপ বাকে কামড়ায় ঐ বিবে তার ভথকণাথ মুক্তা।"

ক্ষণাৎ বৃত্য। অতথ্য শান্তাদৃষ্টে দেখা গেল, বিশ্ব-মনের কল্পনাসভূত জগৎটা

জগংক্লপ কল্পনা দেশ-কালের বাহিরে বর্ত্ত-নান। প্রকৃতি জনাদি। একভাবে আমাদেরও মন:কল্পিত। কারণ, আমাদিগেব কুদ্র ব্যষ্টি-মন, সমষ্টিভূত বিশ্ব-মনেব সহিত শ্বীর ও অবয়বাদির স্থাব অবিচ্ছেত্ত সম্বন্ধে নিতা অবস্থিত। আবার ঐ জগৎরূপ

কল্পনা যে এককালে বিশ্ব-মনে ছিল না, পরে আবম্ভ হটল, এ কথা ৰণিতে পারা যায না। কাবণ, নাম ও রূপ বাদেশ ও কালরপ পদাৰ্থক বাহা না থাকিলে কোনকণ বিচিত্ৰতাৰ স্বাষ্ট হইতে পারে না—অগৎরূপ কল্পনারই মধাগত বন্ধ অথবা ঐ কল্পনার সহিত উহারা অবিচেছ্পভাবে নিতা বিভ্যমান। স্থিবভাবে একটু চিন্তা কবিয়া দেখিলেই পাঠক ঐ কথা বৃঝিতে পাবিবেন এবং বেদাদি শাল বে কেন ম্বনীশক্তিৰ মূলীভূত কারণ প্রাকৃতি বা মায়াকে আনাদি বা কালাতীত বলিয়া শিক্ষা দিয়াছেন, তাহাও হদয়ক্ষম হইবে। জগৎটা যদি মনঃকল্লিড ই হয় এবং ঐ কল্লনাব আবম্ভ বদি আমরা 'কাল' বলিতে যাহা বুঝি ভাহার ভিতবে না হইয়া থাকে, তবে কথাটা দাঁড়াইল এই যে, কালরূপ কল্পনার সঙ্গে সঙ্গেই জগৎরূপ কল্পনাটা তদাশ্রর বিশ্ব-মনে विश्वमान द्रश्यिष्ट । आयोगिरभव भूज नाष्टि-यम वङ्कान धविया औ কল্পনা দেখিতে থাকিয়া জগতের অন্তিখেই দুচ্ধাবণা কবিয়া বহিয়াছে এবং জগৎরূপ কল্পনার অতীত অহুয ব্রহ্মবস্তুব সাক্ষাৎদর্শনে বছকাল বঞ্চিত থাকিয়া জগৎটা বে মন:কল্লিড বস্তুমাত্র এ কথা এককালে আপনার ভ্রম এখন ধবিতে পারিতেছে না। ভূলিরা গিরা কারণ পুর্বেই বলিয়াছি, ষ্থার্থ বস্তু ও অবস্থাব সহিত তুলনা করিয়াই আমরা বাহিরের ও ভিতরের ত্রম ধরিতে সর্বাদা সক্ষম হই।

একপে ব্রা বাইতেছে বে, জগৎ সহকে আমাদিগের ধারণা প্র ক্ষেত্রাদি বছকাল-সঞ্চিত অভ্যাসের ফলে কর্ত্র-কারণের সহিত্ত পরি-চিত হইবার চেটাই জানে উপনীত হইতে হইলে আমাদিগকে এবন নাম রূপ, দেশ কাল, মন বৃদ্ধি প্রভৃতি জ্লাদন্ত্র্যান্ত সকল বিষয়েব অতীত পদার্থেব সহিত পরিচিত হইতে হইবে। ঐ পরিচন্দ্র পাইবাব চেষ্টাকেই বেদপ্রমুখ শাল্প 'সাধন' বলিয়া নির্দেশ কবিয়াছেন ; এবং ঐ চেষ্টা জ্ঞাত বা অ্জ্ঞাতসাবে যে জী বা প্রক্ষে বিশ্বমান ভাঁছারাই

ভাবতে সাধক নামে অভিহিত হইষা থাকেন।

সাধারণভাবে বলিভে গেলে, জগদতীত বন্ধ অমুসন্ধানের পূর্বোক চেষ্টা, ফুইটি প্রধান পথে এতকাল পর্যন্ত প্রবাহিত হইরা আসিরাছে } প্রথম শাল যাহাকে "নেতি, নেতি" বা জ্ঞান-মার্গ বলিয়া নির্দেশ করিযাছেন; এবং দিতীয়, যাহা 'ইতি, ইতি' বা ভক্তি-মার্প বিদিয়া নির্দিষ্ট হইয়া থাকে। জ্ঞানমার্গের সামক চর্ম-'ৰেভি, নেভি' ও 'ইভি मारकात कथा ध्रांचम इटेंच्ड हामरत शांवणी ध मर्समा ইতি' সাধনপথ। শ্বরণ রাখিয়া জাতসাবে তদভিমুখে দিন দিন অগ্রসব হইতে থাকেন। ভব্তিপথের পথিকেরা চরমে কোথার উপস্থিত হটবেন তবিষয়ে অনেক স্থলে অল্ল পাকেন এবং উচ্চ হটতে উচ্চতর লক্ষ্যান্তৰ পৰিগ্ৰহ কৰিতে কৰিতে অগ্ৰসৰ হুইয়া পরিশেষে স্কন্মদতীত অবৈতবন্তর সাক্ষাৎপবিচয় লাভ কবিয়া থাকেন। নতুবা জগৎসৰক্ষে সাধাবণ জনগণেব যে ধাবণা আছে তাহা উত্তয় পথেব পথিকগণকেই ত্যাগ কবিতে হয। জানী উহা প্রথম হইতেই সর্বতোভাবে পরিজ্যাগ কবিতে চেষ্টা কবেন; এবং ভক্ত উহার কতক ছাড়িয়া কতক রাখিয়া সাধনায় প্রেব্রত হইলেও পবিণামে জ্ঞানীব ভায়ই উহার সমস্ত ভ্যাগ করিয়া 'একমেবান্বিতীয়ং' তবে উপস্থিত হন। স্বপৎসক্ষমে উলিখিত

স্বার্থণর, ভোগস্থাধকলক্ষ্য সাধারণ ধারণার পরিহারকেই শাল 'বৈরাগ্য' বলিয়া নির্দেশ কবিয়াছেন।

মিভাপরিবর্ত্তনশীল নিশ্চিত-মৃত্যু মানবজীবনে জগতের অনিতাতা-জান সহজেই আসিয়া উপস্থিত হয়। তজ্জন্ত জগৎসম্বনীয় সাধারণ ধারণা ত্যাগ করিষা 'নেতি, নেতি'-মার্লে জগৎকাবণের অমুসন্ধান করা প্রাচীন যুগে মানবেব প্রথমেই উপস্থিত হইয়াছিল বলিয়া বোধ হয়। সে জন্ত ভক্তি ও জ্ঞান উভয় মার্গ সমকালে প্রচলিত ধাকিলেও ভক্তিপথের সকল বিভাগের সম্পূর্ণ পণিপৃষ্টি হইবার পুর্বেই উপনিষদে জ্ঞানমার্গেব সমাক্ পবিপৃষ্টি হওয়া দেখিতে পাওয়া যায়।

'নেতি নেতি'—নিত্যস্বৰূপ জগৎকারণ ইহা নহে, উহা নহে—কৰিয়া সাধনপথে অগ্রস্ব হুইয়া মান্ব স্বল্পকালেই যে সম্বর্থী হুইয়া প্রচিয়া-ছিল, উপনিষদ এ বিষয়ে भाक्षा প্রদান করে। নেতি, নেতি' প্ৰেব মানব ব্ৰিয়াছিল, অন্য বস্তুসকল অপেকা ভাহাব লক্ষ্য, 'আমি কোন পদাৰ্ঘ' তথিৰৰ সন্ধান দেহমনই তাহাকে সর্বাগ্রে জগতেব সহিত সম্বন্ধবৃক্ত কবিষা বাণিনাছে; শতএব দেহ-मनायमध्य अर्गद-कांत्रावय व्यवस्थ व्यवस्य इट्टा उटाव मक्कान नांख পাইবার সম্ভাবনা। আবার, "হাড়িব একটা ভাত টিপিয়া যেমন বুঝিতে পারা যায়, ভাতহাঁড়িটা স্থদিদ হইয়াছে কি না," তজপ আপনার ভিতরে নিতা-কারণ-স্বরূপের অনুসন্ধান পাইলেই অপর বস্তু ও ব্যক্তিসকলের অন্তরে উহাব অন্তেষণ গাওয়া যাইবে। এক্স জ্ঞানপথেব পণিকেব নিকট "আমি কোন পদার্থ" এই বিষয়েব অমুসন্ধানই একমাত্র লক্ষ্য क्ट्रेग डिटर्र ।

পূর্বে বলিয়াছি, জগৎসম্বনীয় সাধারণ ধারণা, জ্ঞানী ও ভক্ত উভয়-বিধ সাধকেই ত্যাপ করিতে হয়। ঐ ধারণার একান্ত ত্যাগেই মানব- মন সর্বাহিত হইয়া সমাধির অধিকারী হয়। ইক্লপ স্মাধিকেই
শান্ত নির্বিকর সমাধি আখ্যা প্রদান করিরাছেন।
করিকর সমাধি।
জ্ঞানপথেন সাধক, 'আমি বাস্তবিক কোন পদার্থ'
এই তবেব অনুসন্ধানে অগ্রসর হইয়া কিরূপে নির্বিকর সমাধিতে
উপস্থিত হন এবং নি কালে তাঁহান কীদৃশ অনুভব হইয়া থাকে, তাহা
আমনা পাঠককে অন্তন্ত বলিয়াছি। * অতএব ভক্তিপথের প্রধিক
ই সমাধিন অনুভবে কিরূপে উপস্থিত ইইয়া থাকেন, পাঠককে এখন
ভবিষ্যে কিঞ্চিৎ বলা কর্ত্ত্ব্য।

ভক্তিমার্গকে 'ইতি ইতি'-সাধনপথ বলিষা আমবা নির্দেশ করিয়াছি। কাবণ, ঐ পথেব পথিক জগতেব অনিভ্যতা প্রভ্যক্ষ কবিলেও জগৎ-কর্মা ঈশ্ববে বিশ্বাসী হইয়া তৎক্তত জগৎকপ কার্যা সভ্য বর্ত্তমান বলিয়া বিশ্বাস কবিষা থাকেন। ভক্ত জগৎ ও তন্মধাগত সর্ব্ব বন্ধ ও ব্যক্তিকে ঈশ্ব-বেন সহিত সম্বন্ধকুক দেখিয়া আপনাব কবিষা লন। ঐ সম্বন্ধ দর্শন কবিবাব পথে বাহা অন্থবায় বলিয়া প্রভীতি হব তাহাকে তিনি দূর-পরি-হাব কবেন। তদ্ভিন্ন, ঈশ্ববেব কোন এক কপেন † প্রতি অন্থবাগে ও ধাানে তন্ময় হওয়া এবং ভাঁহাবই প্রীতিব নিমিত্ত সর্ব্বকার্যান্থহান কবা ভক্তেব আও লক্ষ্য হইয়া থাকে।

কপেব ধ্যানে তক্ষম হইয়া কেমন করিয়া জগতের অন্তিত্ব ভূলিয়া নির্কিকল্প অবস্থাম পৌছিতে পাবা যায় এইবাব আমবা তাহাব অনুশীলন

धन्छात-- भूकांकि, २य अधाय त्वथ ।

[†] ব্রাহ্ম সমাজের উপাসনাকেও আমর। রূপের খানের মধ্যেই গণনা করি-তেছি। কারণ, আকার-রহিত সর্বান্তণাবিত ব্যক্তিছের ধ্যান কবিতে বাইলে আকাশ জল, বায়ু বা তেজ প্রভৃতি পদার্থনিচযের সদৃশ পদার্থবিশেষই মনোমধ্যে উদিও ইইছ খাকে।

করিব। পূর্বে বলিরাছি, ভক্ত, ঈশরের কোন এক রগকে নিজ ই বলিষা পবিগ্রন্থ করিয়া ভাষার্থ চিন্ধা ও ধ্যান 'ইডি ইডি' পৰে কবিতে থাকেন। প্রথম প্রথম, ধ্যান করিবার बिकिक्क अव्यक्ति-मार्च्य विवत्र । কালে, তিনি ঐ ইষ্ট্রমূর্ত্তির সর্বাব্যবসম্পূর্ণ ছবি মান্দ্ৰনয়নেৰ সম্মুখে আনিতে পারেন না; কখন উহাব হস্ত, কখন পদ এবং কখন বা মুখখানিমাত্র তাঁহার সমুখে উপস্থিত হয়; উহাও আবাব দুর্শন মাত্রেই যেন শ্য হইয়া যায়, সমূথে স্থির ভাবে অবস্থান কবে না। অভ্যাদের ফলে ধ্যান গভীর হইলে ঐ মূর্ত্তিব দর্কাব্যবসম্পূর্ণ ছবি, মানন্চক্ষের সন্মধে সমধে উপস্থিত হয়। ধ্যান ক্রমে গভীবতর ছইলে ঐ ছবি, যতক্ষণ নামন চঞ্চল হয় ততক্ষণ স্থিব ভাবে সমূৰে অবস্থান করে। পবে, ধ্যানের গভীবতাব তারতম্যে ঐ মূর্ত্তিব চলা ক্ষেবা, হাসা, কথাকহা এবং চবমে উহাব স্পর্শ পর্যান্তও ভক্তেব উপলব্ধি হয়। তথন ঐ মুর্ত্তিকে সর্ব্ব প্রকাবে জীবন্ত বলিয়া দেখিতে পাওমা ৰায় এবং ভক্ত চকু মুদ্ভিত বা নিমীলিত কবিষা ধ্যান ককন না কেন, ঐ মুর্ত্তিব ঐ প্রকাব চেষ্ট্রাদি সমভাবে প্রত্যক্ষ কবিষা থাকেন। পবে, "মামার ইষ্টই ইচ্ছামত নানারূপ ধারণ করিবাছেন"—এই বিশ্বাসেব ফলে ভক্ত-সাধক আপন ইপ্তমূর্ত্তি হইতে নানাবিধ দিব্যরূপ সকলেব সন্দর্শন লাভ করেন। ঠাকুব বলিতেন—"বে ব্যক্তি একটি রূপ ঐ প্রকার জীবন্ধ ভাবে দর্শন কবিয়াছে তাহাব অন্ত সব রূপেব দর্শন সহজেই জাসিয়া উপস্থিত হয়।*

ইভিপুর্বে যে সকল কথা বলা হইল তাহা চইতে একটি বিষয় আমরা বৃথিতে পারি। একপ জীবন্ধ মূর্ভিসকলের দর্শনলাভ থাহাব ভাগো উপস্থিত হয, তাঁহার নিকট জাগ্রৎকালে দৃষ্ট পদার্থ সকলেব ভায়, গ্রামকালে দৃষ্ট ভাবরাজ্যগত এ সকল মূর্ভিব সমান অন্তিত্ব অনুভব হইতে থাকে। এরপে বাহু জগৎ ও ভাবরাজ্যের সমানাজিত্ববোধ যত বৃদ্ধি

পাইতে থাকে ততই তাঁছার মনে বাছ লগৎটাকে মনঃ-করিত বলিয়া থাবণা হইতে থাকে। আবার পভীর থানকালে ভাবরাজ্যের অন্তর্থ ভাজেব মনে এত প্রবল হইরা উঠে বে, সেই সময়ের কন্ত তাঁহার বাছ জগতের অন্তর্থ ঈর্মাজ্য থাকে না। জজের ঐ অবহাকেই শাল্প সবিকল্পসমাধি নামে নির্দেশ করিয়াছেন। ঐ প্রকার সমাধিকালো মানসিক শক্তিপ্রভাবে ভক্তেব মনে বাছ লগতের বিলয় হইলেও ভাবেবাজ্যের বিলম হয় না। জগতে দৃষ্ট বন্ধ ও ব্যক্তিসকলের সহিত ব্যবহাব কবিয়া আমবা নিত্য বেরূপ ক্ষমহাধানি অক্তর্থক কবিয়া থাকি, আপন ইইম্র্তিব সহিত ব্যবহাবে ভক্ত তথন, ঠিক ভক্তপ অক্তর্থক করিছে থাকেন। কেবলমাত্র ইইম্র্তিকে আশ্রয় করিয়াই তাঁহার মনে ভবল যত কিছু সংকল্প-বিকল্পের উদয় হইতে থাকে। এক বিষয়কে মুখ্যকপে অবলম্বন কবিয়া ভক্তেব মনে ঐ সমযে বৃদ্ধি-প্রশারর উদয় হওয়ার জন্ত শাল্প তাঁহার ঐ অবস্থাকে সবিকল্পক বা বিকল্পসংযুক্ত সমাধি বলিয়াছেন।

এইবপে ভাববাজ্যের অন্তর্গত বিষয় বিশেষের চিন্তায় ভক্তের মনে স্থল বাফ জগতের এবং এক ভাবের প্রাবল্যে অন্ত ভাবসকলের বিদর সাধিত হয়। যে ভক্তনাধক এতদ্র অগ্রসর হইতে সমর্থ হইরাছেন, সমাধিব নির্ম্বিকল্পভূমি লাভ তাঁহার নিকট অধিক দ্রবর্তী নহে। জগতের বহুকালাভান্ত অন্তিজ্জান বিনি এতদ্ব দ্বীকরণে সক্ষম হইরাছেন, তাঁহার মন যে সমধিক শক্তিসভার ও দৃচসংকর হইরাছে, একথা বলিতে হঠবে না। মনকে এককালে নির্মিকল্প করিতে পারিকে স্থাবসভোগ অধিক ভিন্ন অল্প হয় না, একথা একবার ধারণা হইলেই তাঁহার সমগ্র মন উদিকে সোৎসাহে ধাবিত হয় এবং প্রীভার ও স্বারক্রপায় তিনি অচিয়ে ভাববাজ্যের চরম ভূমিতে আরোহণ করিলা অবৈভজ্ঞানে অবস্থানপূর্ণক চিবশান্তির অধিকারী হন। অপবা বলা বাইতে পারে, প্রগাঢ় ইইপ্রেমই তাঁহাকে ঐ ভূমি দেখাইয়া দেয় এবং

ব্রমধ্যেণিকাগণের স্থায় উহার প্রেরণায় তিনি আপন ইষ্টের সহিত তথন একডায়ুভব করেন।

জ্ঞানী এবং ভক্ত সাধককুলের চরম লক্ষ্যে উপনীত হইবাব এক্প ক্রম শাস্ত্রনিষ্ঠারিত। অবতারপুরুষসকলে কিন্তু দেব এবং মানব উভর ভাবের একত্র সন্মিলন আজীবন বিশ্বমান থাকান সাধনকালেই তাঁহা-দিগকে কথন কথন সিদ্ধের স্থাব প্রকাশ ও শক্তিসম্পর দেখিতে

জৰভাৱ-পুৰুবে দেব ও
মানব উত্তব ভাব বিত্যমান থাকায় সাধনকালে
উাহাদিগকে সিক্তের
স্ফান প্রতীতি হর। দেব
ও মানব উভয় ভাবে
ভাহাদিশের ভীবনালোচনা প্রাবত্তক।

দিছের স্থায় প্রকাশ ও শক্তিসম্পন্ন দেখিতে পাওয়া বাষ। দেব এবং মানব উভয় ভূমিতে তাঁহাদিগেব অভাবতঃ বিচবণ কবিবাব শক্তি থাকাতে
ক্রৈপ্র হইষা থাকে; অথবা, ভিতবের দেবভাব
তাঁহাদিগেব সহল স্বাভাবিক অবস্থা হওয়ায় উহা
তাঁহাদিগেব মানবভাবেব বাহিবাববণকে সময়ে
সময়ে ভেদ কবিয়া নিকপে স্বতঃপ্রকাশিত ক্য,—
মীমাংসা যাহাই হউক না কেন, একপ ঘটনা কিছ

আবভাবপ্রবসকলের জীবন মানববৃদ্ধিব নিকটে ছর্ভেগ্ন জটিলতাময় কবিয়া রাখিরাছে। ঐ জটিল রহন্ত কখনও যে সম্পূর্ণ ভেদ হইবে, বোধ হয় না। কিন্তু প্রভাসম্পন্ন হইয়া উহাব অনুশীলনে মানবেব অশেষ ফল্যাশ লাখিত হয়, এক কথা এব। প্রাচীন পৌবাণিক মুগে অবতাব-চিরিত্রের মানবভাবটি ঢাকিয়া চাপিয়া দেবভাবটির আলোচনাই করা হইয়াছিল—সন্দেহশাল বর্ত্তমান বুগে ঐ চবিত্রের দেবভাবটি সম্পূর্ণ উপেক্ষিত্ত হইয়া মানবভাবটিব আলোচনাই চলিয়াছে—বর্ত্তমান ক্ষেত্রে আমারা ঐ চরিত্রের আলোচনায় উহাতে তত্ত্বয় ভাব যে একত্র একই কালে বিজ্ঞমান থাকে এই কথাই পাঠককে ব্র্যাইতে প্রয়াস কবিব। বলা বাছলা, দেব-মানব ঠাকুরের প্রাদর্শন জীবনে না ঘটিলে অবভাব-চিরিত্র ঐক্যেপ দেখিতে আমারা কখনই সমর্থ হইতাম না।

দ্বিতীয় অধ্যায়।

অবতারজীবনে সাধকভাব।

পুণা-দর্শন ঠাকুবেব দিবাসন্ধলাভে ক্বতার্থ হইয়া আমরা ভাঁছার
জীবন ও চবিত্রেব যতই অমুধ্যান করিয়াছি ততই তাঁহাতে দেব ও
মানব উভযবিধ ভাবেব বিচিত্র সম্মিলন দেখিয়া মোহিত হইয়াছি।
মধুব সামগ্রন্তে উরূপ বিপবীত ভাবসমষ্টিব একত্র একাধারে বর্ত্তমান,
কে সন্তবপব একথা তাঁহাকে না দেখিলে আমাদেব কথনই ধারণা হইছে
না। এরূপ দেখিয়াছি বলিয়াই আমাদিগেব ধাবণা, তিনি দেবমানব,—পূর্ণ দেবত্বেব ভাব ও শক্তিসমূহ মানবীয় দেহ ও ভারাবরণে
প্রকাশিত হইলে যাহা হয়, তিনি তাহাই। উরূপ
চাকুরে দেব ও মানব
ভাবের মিলন।
ক্রিনি বুণা ভাণ করেন নাই এবং মানব
ক্রিনিট্ট তিনি বুণা ভাণ করেন নাই এবং মানব

ভাব তিনি লোকহিতায যথার্থ ই স্বীকার কবিবা উহা হইতে সেবছে উঠিবাব পথ আমাদিগকে দেখাইয়া গিয়াছেন। আবার, দেখিয়াছি বলিয়াই একণা ব্ঝিতে পারিয়াছি যে, পূর্ব্ধ পূর্ব্ধ মুগের সকল অবভার-পূর্বের জীবনেই ঐ উভয ভাবের ঐকপ বিচিত্ত প্রকাশ নিক্তর উপস্থিত হইয়াছিল।

প্রদাসম্পর হইষা অবতারপুক্ষসকলের মধ্যে কাহারও জীবনকথা,
আলোচনা কবিতে যাইলেই আমরা ঐকপ দেখিতে পাইব।
দেখিতে পাইব, তাঁহারা কথন আমাদেব ভাব-ভূমিতে থাকিয়া জগভহ
যাবতীয় বন্ধ ও ব্যক্তিয় সহিত আমাদিগেরই ভায় ব্যবহার
করিতেছেন—আবার, কখন বা উচ্চ ভাব-ভূমিতে বিচরণপূর্ণক

আমাদিসের অক্সাত, অপরিচিত ভাব ও শক্তিসম্পন্ন এক নৃতন রাজ্যের
সংবাদ আমাদিগকে আমিয়া দিতেছেন।—
সকল অবভার-পুক্ষেই
উল্লেখনের ইচ্ছা না থাকিলেও কে যেন সকল
বিষয়েব যোগাযোগ কবিষা তাঁহাদিগকে ঐরপ
করাইতেছে। আশৈশবই ঐকপ। তবে, শৈশবে সমযে সময়ে ঐ
শক্তির পরিচয় পাইলেও উহা যে তাঁহাদিগেষ নিজস্ব এবং অন্তবেই
অব্স্থিত একথা তাঁহারা অনেক সমযে বৃথিতে পাবেন না, অথবা
ইচ্ছামাত্রেই ঐ শক্তিপ্রয়োগে উচ্চ-ভাব-ভূমিতে আবোহণপূর্বক
দিব্যভাবসহায়ে অগদন্তর্গত সকল বন্ধ ও ব্যক্তিকে দেখিতে ও
ভাছাদিশের সহিত তদক্রপ ব্যবহাব কবিতে পারেন না। কিন্তু

ঐ শক্তির অভিত জীবনে বাবদাব প্রত্যক্ষ করিতে করিতে উহাব

সহিত সম্যক্রপে পরিচিত হইবাব প্রবল বাসনা তাঁহাদেব মনোমধ্যে জাসিয়া উঠে এবং ঐ বাসনাই তাঁহাদিগকে অলৌকিক অমুরাগসম্পন্ন

তাঁহাদিগেব ঐবপ বাসনায স্বার্থপবতাব নাম গন্ধ থাকে না।

ঐতিক বা পাবলোকিক কোন প্রকাব ভোগ-মুখ

মবজার-পুরুষে বার্থমবজার-পুরুষে বার্থমবজার প্রেবণা ত দ্বেব কথা, পৃথিবীত্ব অপর

অপব সকল ব্যক্তির যাহা হইবাব হউক আমি

মৃক্তিলাভ করিয়া ভূমানন্দে থাকি—এইবপ ভাব পর্যান্ত তাঁহাদিগেব

ঐ বাসনায় দেখা যার না। কেবল, যে অজ্ঞাভ দিব্য শক্তিব নিরোগে
ভাহারা জন্মাবিধি অসাধারণ দিব্যভাবসকল অমুভব করিভেছেন এবং
মুল জগতে দৃষ্ট বন্ধ ও ব্যক্তিসকলের স্থান্ন ভাববাজ্যগত সকল
বিষয়ের সমসমান অন্তিত্ব সময়ে প্রত্যক্ষ করিভেছেন, সেই শক্তি

কি বাস্তবিকট জগতের অন্তর্মালে অবস্থিত অথবা সকপোলকল্পনাবিক্তিত্ব তির্বন্ধের তার্যান্সন্ধানই ভাহাদিগের ঐ বাসনার মৃদ্যে

পরিলক্ষিত হয়। কারণ, অপব সাধাৰণের প্রভাক ও অমুভবাদির সহিত আপনাদিগের প্রভাক সকলের ভূলনা করিয়া একখা তাঁহাদিগের স্বল্পকালেই হদরক্ষম হয় যে, তাঁহারা আজীবন জগতত্ব বস্তু ও ব্যক্তিসকলকে যে ভাবে প্রভাক করিছেছেন অপরে ভজ্জপ করিছেছে না—ভাবরাজ্যেব উচ্চভূমি হইতে জগৎটা দেখিবাব সামর্ব্য তাহাদেব এক প্রকাব নাই বলিলেই হয়।

শুধু তাহাই নহে। পূর্বোঞ্জ তুলনায তাঁহাদেব আর একটি কথাও দকে দকে ধারণা হইয়া পড়ে। তাঁহাদ্বা ভাহাদিগের ককণা ও বুঝিতে পাবেন বে, সাধারণ ও দিব্য হুই ভূমি পরার্থে সাধন ভঞ্জ । হইতে জগৎটাকে জই ভাবে দেখিতে পান বলিয়াই তুই দিনের নশ্বর জীবনে আপাতমনোবম রূপরসাদি তাঁহাদিগকে মানবসাধারণের ক্লায় প্রলোভিত কবিতে পাবে না, এবং নিয়ত পবিবর্ত্তনশীল সংসারের নানা অবস্থাবিপর্যায়ে, অশান্তি ও নৈরাশ্রের নিবিড ছায়া তাঁহাদিগের মনকে আবৃত কবিতে পাবে না ৷ স্থতরাং পূর্ব্বোক্ত শক্তিকে সম্যক্প্রকাবে আগনার কবিয়া লইয়া কেমন করিয়া ইচ্ছামাত্র উচ্চ ও উচ্চতৰ ভাব-ভূমি সকলে স্বয়ং আবোহণ একং ষতকাল ইচ্ছা তথায় অবস্থান কবিতে পাবিবেন, এবং আপামর দাধাবণকে ঐকপ করিতে শিখাইয়া শান্তিব অধিকাবী করিবেন, এই চিম্বাতেই তাঁহাদেৰ কৰুণাপূৰ্ণ মন এককালে নিমগ্ন হইয়া পড়ে। এজন্তাই দেখা যায়, সাধনা ও করুণার ছুইটি প্রবল প্রবাহ তাঁহাদিগের জীবনে নিবন্তব পাশাপাশি প্রবাহিত হইতেছে! মানবসাধারণের সহিত আপনাদিগের অবস্থার তুলনায় ঐ ককণা তাঁহাদিগের অভ্যন্তে শতধারে বর্দ্ধিত হইতে পাবে কিন্তু ঐরপেই বে উহার উৎপত্তি হয় একথা বলা যায় না। উহা সঙ্গে লইয়াই তাহার। সংসারে জ্বিরা পাকেন। ঠাকুরের ঐ বিষয়ক একটি দৃষ্টান্ত মরণ কর-

ये विवास पृष्ठीख— 'তিন বস্তুত্র আনন্দ-कावम पर्यव' मधरक ट्राक्टबर गंहा।

"ভিন বন্ধতে মাঠে বেড়াভে গিয়েছিল। বেড়াভে বেড়াভে মাঠেব মাঝখানে উপস্থিত হয়ে দেখুলে পাঁচিলে যেরা একটা জাষগা—তার ভিডর থেকে গান বাজনাৰ মধুর আওয়াজ আসছে ! গুনে ইচ্ছা हाला, जिल्ला कि राष्ट्र प्रथाता होत्रिपिटक

খুরে দেখালে, ভিতবে ঢোক্বাব একটিও দবজা নাই। কি করে ?--একজন কোন বকমে একটা মই যোগাড কবে পাঁচিলের উপরে উঠ্তে লাগলো ও অপর গুই জন নীচে দাঁডিযে বইলো। প্রথম লোকটি পাঁচিলের উপনে উঠে ভিতবের ব্যাপাব দেখে আনন্দে অধীব হয়ে হাঃ হাঃ কবে হাদ্তে হাদ্তে লাফিষে পড়্লো—কি যে ভিতৰে দেখ্লে তা নীচেব ফুজনকে বলবাব জন্ম একট্ও অপেকা কণ্ডে গাণ্লে না ৷ তাৰা ভাবলে বাং, বন্ধু ত বেশ, একবাৰ বন্দেও না কি দেখ্লে !-- বা হোক দেখতে হলো। আব একজন ঐ মই বেয়ে উঠ্তে লাগ্লো। উপবে উঠে মেও প্রথম লোকটিব মত হা: হা: কবে হেমে ভিতরে দাফিষে পছলো। তৃতীয় লোকটি তখন কি কবে— ই মৈ বেষে উপবে উঠ্লো ও ভিতরেব আনন্দেব খেলা দেখতে পেলে। দেখে প্রথমে ভাব মনে খুব ইচ্ছা হলো সেও উহাতে যোগ দেয। পরেই ভাবণে —কিন্তু আমি যদি এগনি উহাতে যোগদান করি তা *হলে* বাহিরেব অপর দশব্রনে ত জান্তে পাব্বে না, এখানে এমন আনন্দ উপভোগের জান্ধ্যা আছে: একলা এই আনন্দটা ভোগ কব্নো? ঐ ভেবে, সে করে নিজেৰ মনকে ফিবিয়ে নেবে এলো ও চচোকে खान পেলে তাকেই হেঁকে বল্তে লাগ্লো—ওছে (मथ एड यादकरे ध्यम व्यानत्मन श्रीन निरम्भः, ह्या ह्या এথানে मक्ल कत्रि। धेकारभ वह वास्टिक गरक निदय সেও ভোগ त्व ज्ञीय गाकिव मत्न भनवनत्क भिरहा।" **এथन** যোগ

সঙ্গে লাইরা আননোপভোগের ইচ্ছার কারণ বেমন খুঁজিয়া পাঁওয়া যায় না, তজ্ঞপ অবতার-পুক্ষসকলের মনে লোককল্যাণসাধনের ইচ্ছা কেন যে আশৈশ্ব বিভ্যমান থাকে তাহার কারণ নির্দেশ করা যায় না।

পূর্ব্বোক্ত কথায় কেহ কেহ হয়ত স্থির করিবেন, অবতাব-পুরুষসকলকে আমাদিগের স্থায় ত্র্বার ইন্দ্রিয়সকলেব সহিত কথনও দংগ্রাম কৰিছে

অৰ্ভাব-পুৰুষদিগকে নাধাবণ মানাবৰ স্থায় নংযম অভ্যাস করিতে চব। হয না; শিষ্ট শাস্ক বালকের স্থায় উহাবা বৃথি আজন্ম তাঁহাদিগের বশে নিরম্বন উঠিতে বসিতে পাকে এবং সেই জন্ম সংসাবের নপরসাদি হইতে মনকে ফিবাইয়া তাঁহাবা সহজেই উচ্চ লক্ষ্যে

চালিত কবিতে পাবেন। উদ্ভবে আমনা বলি, তাহা নহে, ঐ বিষয়েও নববং নবলীলা হট্যা থাকে; এখানেও টাহাদিগকে সংগ্রামে জ্বী হট্য়া গন্তব্য পথে অগ্রস্ব হট্ডে হয়।

মানব-মনেব স্বভাবসন্থনে যিনি কিছুমাত্র জানিতে চেষ্টা কবিয়াছেন, তিনিই দেখিতে পাইয়াছেন হুল হইতে আবন্ত হইয়া স্ক্র, স্ক্রতব, স্ক্রতম অনন্ত বাসনান্তবসমূহ উহাব ভিতরে বিশ্বমান রহিবাছে! একটিকে বদি কোনরূপে অভিক্রম কবিতে ভূমি
মনের অনন্ত বাসনা।

সমর্থ ইইবাছ তবে আব একটি আসিয়া ভোমার
পথরোধ করিল—সেটিকে পবাজিত কবিলে ত আর একটি আসিল—
স্থুলকে পবাজিত কবিলে ত স্ক্র আসিল—তাহাকে পশ্চাৎপদ করিলে
ত স্ক্রতর বাসনাশ্রেণী তোমার সহিত প্রতিদ্বন্দিতায় দণ্ডার্মান হইল!
কাম যদি ছাড়িলে ত কাঞ্চন আসিল; স্থুলভাবে কাম-কাঞ্চন প্রহণে
বিরত ইইলে ত সৌন্ধর্যাম্বাগ, লোকৈষণা মান-বশাদি সক্ষ্যে উপস্থিত
হইল; অথবা মায়িকসন্থন সকল ব্রপ্রেক পবিহাব করিলে তবে
আলগু বা ককণাকারে মাধামোহ আসিয়া তোমার বদর অধিকার
করিল!

নানের এক্সপ সভাবের উদ্ধেষ করিয়া বাসনাজাল হইছে দ্বে
খাকিতে ঠাকুব আমাদিগকে সর্বাদা সতর্ক করিতেন। নিজ জীবনের
ঘটনাবলী * ও চিস্তাপর্যান্ত সমযে সমরে
ঘটনাবলী * ও চিস্তাপর্যান্ত সমযে সমরে
ঘটনাবলী * ও চিস্তাপর্যান্ত সমযে সমরে
দ্প্রাক্তম্বনপে উল্লেখ কবিয়া তিনি নি বিষয
আমাদিগেব স্থানসম কবাইয়া দিতেন। পুক্ষভক্তদিগেব ভাষ স্তীভক্তদিগকেও তিনি ঐ কথা বাবদান বলিয়া
ভাষাদিগেব অন্তবে ইশ্বানুরাগ উদ্দীপিত কবিতেন। ভাষাব একদিনের একপ ব্যবহাব এখানে বলিলেই পাঠক ঐ কথা ব্রিকে
পারিবেন।

নী বা প্রুষ ঠাকুনের নিকট যে কেহই যাইতেন সকলেই তাঁহার অমাযিকতা, সন্থাবহার, ও কামগন্ধবহিত অন্ত ভালবাসার আকর্ষণ প্রাণে প্রাণে অন্তও কবিতেন এবং স্থাবিধা হইলেই প্নরাষ তাঁহার প্রাণদর্শনলাভের জন্ম ব্যন্ত হইবা উঠিতেন। ত্রুপে তাঁহাবা যে নিচ্ছেই তাঁহাব নিকট পুনঃ পুনঃ প্রমাগমন কবিয়া ক্ষান্ত থাকিতেন তাহা নহে, নিজের পরিচিত সকলকে ঠাকুবের নিকট হাইযা যাইয়া ভাহারাও যাহাতে তাঁহার দর্শনে বিমলানন্দ উপভোগ কবিতে পারে ভজ্জা বিশেষভাবে চেষ্টা কবিতেন। আমাদিপের পরিচিতা জনৈকা ক্রমণে একদিন তাঁহার বৈমাত্রেরা ভগ্নী ও তাঁহার স্বামীর সহোদবাকে সঙ্গে লইয়া অপরাত্রে দক্ষিণেশরে ঠাকুবের নিকট উপস্থিত হইলেন। প্রশাম করিয়া উপবেশন কবিলে ঠাকুর তাঁহাদের পরিচয় ও কুশল প্রশাদি করিয়া, ঈশবের প্রতি জন্মবাগরান্ হওয়াই মানবজীবনের একমাত্র লক্ষা হওগা উচিত, এই বিষবে কথা পাড়িনা বলিতে আরম্ভ করিলেন—

[#] श्वतकार-मुनार्क, अम अवागि २४ गृही अवर २३ व्यवागि ७० ७ ७० गृही (मथ

"ভগবানের শবণাপর কি সহজে হওরা যার গা ? মহামারার এমনি কাণ্ড—হতে কি দের ? যার ভিনক্লে কেউ নেই তাকে দিয়ে একটা বিভাল পুষিরে সংসাব ক্যাবে !— এবিষযে রীভক্তদিগক ক্লদেশ।

কব্বে, জার বল্বে, 'মাছ, হণ না হলে বিভালটা থায় না, কি কবি ?'

"হয়ত, বছ বনেদি যব। পতি প্তুব সব মবে গেল—কেউ
নেই—বইল কেবল গোটাকতক বাঁড়ি!—তাদেব মবণ নাই! বাড়ির
এখান্টা পড়ে গেছে, ওখানটা ধসে গেছে, ছাদের উপর অখথ গাছ
জন্মছে—তাব সজে ছচান গাছা ডেলো ডাঁটাও জন্মছে; রাঁড়িবা
তাই তুলে চচ্চডি বাঁধ্চে ও সংসাব কব্চে। কেন প ভগবানকে
ডাকুক না কেন প তাঁব শনগাপল হোক না—তাব ত সমন্ব হল্লেছে।
তা হবে না!

"হযত বা কাকৰ বিষেব পৰে স্বামী মৰে গেল—কড়ে রাঁড়ি। ভগবানকে ডাকুক্ না কেন? তা নয—ভাইষেৰ ঘৰে গিনি হোল। মাথায কাগা খোঁপা, আঁচলে চাৰিব খোলো বেঁধে, হাত নেড়ে গিনিপনা কচেন—সর্বনাশকে দেখ্লে পাড়া শুদ্ধ লোক ডবাষ!— আব বলে বেড়াচেন—'আমি না হলে দাদার খাওয়াই হল না।'—মৰ মাগি, তোৰ কি হোলো ভা ভাখ —ভা না।"

এক বহস্তের কথা—আমাদেব পবিচিতা বমণীর ভগীর ঠাকুবনি— যিনি অন্ত প্রথমবাব ঠাকুবেব দর্শন লাভ কবিলেন, আতার দরে গৃহিনী ভগ্নীদিগেব শ্লেণীভুক্তা ছিলেন। ঠাকুবকে কেছই সে কথা ইতিপুর্বের বলে নাই। কিন্তু কথায় কথায় ঠাকুব ঐ দৃষ্টান্ত আনিরা বাসনাব প্রবল প্রতাপ ও মানবমনে অনন্ত বাসনান্তরের কথা ব্রাইতে লাগিলেন। বলা বাহুলা কথাগুলি ঐ জীলোক্টির অন্তরে অন্তরে প্রবিষ্ট হইরাছিল। দৃষ্টাক্তপ্রলি শুনিয়া আমাদিগের পরিচিতা বদনীর ভগী তাঁহার গা ঠেলিয়া চুলি চুলি বলিলেন—"ও ভাই,— আজই কি ঠাকুরেব মুখ দিবে এই কথা বেকতে হব !—ঠাকুবঝি কি মনে কব্বে !" পবিচিতা বলিলেন "তা কি কব্বো ; ওঁব ইচ্ছা, ভঁকে আর ত কেউ শিখিষে দেব নি ?"

মানবপ্রকৃতির আলোচনাব স্পষ্ট ব্ঝা যায় যে, যাহাব মন যত উচ্চে উঠে, স্থন্ধ বাসনাবাজি তাহাকে তত তীব্র আবভার-প্রবাদিগের বাতনা অসুভব কবায়। চুরি, মিথ্যা বা লাম্পট্য স্থন্ধ বাসনার সহিত সংখ্যাম।

ব্য অসংখ্যবাব কবিয়াছে, তাহাব ঐকপ কার্য্যেব পুনরমুঠান তত কষ্টকব হয় না, কিন্তু উদার উচ্চ

আন্তঃক্ষণ ও সকলেব চিন্তামাত্রেই আপনাকে দোষী সাব্যস্ত কবিষা বিষয় যদ্রণায় মৃত্যুনন হয়। অবতাব-পুক্ষসকলকে আর্জাবন ছুলভাবে বিষয়গ্রহণে অনেকস্থগে বিষত পাকিতে দেখা যাইলেও, অন্তবের স্ক্র বাসনাশ্রেণীব সহিত সংগ্রাম যে তাঁহার। আমাদিগেব আমাদিগেব কবিষা পাকেন এবং মনেব ভিতব উহাদিগেব মৃর্দ্ধি দেখিরা আমাদিগের অপেক্রা শত সহস্রগুণ অধিক যন্ত্রণা অন্তব্রক্রেন, একথা তাঁহারা স্বয়ং স্পন্তীক্ষরে স্বীকাব কবিষা গিয়াছেন। অন্তব্র রূপবসাদি বিষয় হইতে ইক্রিয়গণকে ফিবাইতে তাঁহাদিগেব সংগ্রামকে ভাণ কিনপে বলিব ?

শান্তাদশী কোন পাঠক হযত এখনও বলিবেন, "কিন্দু তোমার কথা মানি কিরপে ? এই দেখ অবৈভবাদীব অবভাব-প্রথের মানবভাব দবাদ আবাদি ও নীমাণ্যা। প্রাবস্থে ভগবান্ শ্রীক্তান্ডেব জন্ম ও নবদেহধাবণ সম্বন্ধে বলিরাছেন, 'নিত্যগুদ্ধমূক্তসভাব, সকল জীবের নিধামক, জন্মাদিরবিত ঈশব লোকাছ্গ্রহ করিবেন বলিয়া নিজ মায়াশক্তি ছারা বেন দেহবান হইয়াছেন, বেন জ্মিয়াছেন, এইক্স পরিলক্ষিত হবেন।' + স্বয়ং আচার্য্যই ব্যন 🗓 কথা বলিতেছেন, তখন তোমাদেব পূর্বোক্ত কথা দাঁড়ায় কিবণে 🕍 আমরা বলি. আচার্য্য একপ বলিয়াছেন সত্য, কিন্তু আমাদিগেব দাঁড়াইবার ভুল আচার্য্যের একথা বৃদ্ধিতে হুইলে আমাদিগকে আছে। বাখিতে হইবে যে, তিনি, ঈশ্ববেদ দেহধাৰণ বা নামক্লপবিশিষ্ট হওয়াটাকে যেমন ভাগ বলিভেছেন, তেমনি সঙ্গে সঙ্গে ভোষাৰ. আমাব এবং জগতেব প্রত্যেক বস্তু ও ব্যক্তিব নামরপ্রিশিষ্ট হওরা-টাকে ভাণ বলিতেছেন। সমত্ত জগৎটাকেই ভিনি ব্ৰহ্মবন্ধৰ উপৰে মিথ্যাভাণ বলিতেছেন বা উহার বাস্তব সত্তা স্বীকাব কবিতেছেন না। † অতএব তাঁহাব ঐ উভয় কথা একত্রে গ্রহণ কবিলে তবেই ভংক্কত মীমাংসা বুঝা যাইবে। অবতারেব দেহধাবণ ও স্থবহংখাদি অভুভব-গুলিকে মিথ্যা ভাগ বলিয়া ধবিব এবং আমাদিগের ঐ বিষয়গুলিকে সভা বিশিব একপ তাঁহাৰ অভিপ্ৰায় নহে। আমাদিগেৰ অমুভৰ ও প্ৰেভাক্ষকে সত্য বলিলে অবতাব-পুক্ষদিগেব প্রত্যক্ষাদিকেও সত্য বলিয়া ধরিতে হটবে! স্থতবাং পূর্ব্বোক্ত কথায আমবা অক্সান্ন কিছু বলি নাই।

কথাটিব আব এক ভাবে আলোচনা কবিলে পরিষ্কাব বুঝা যাইবে।

অবৈজ্ঞাব-ভূমি ও সাধারণ বা বৈজ্ঞাব-ভূমি

ইইজে দৃষ্টি কবিষা জগৎসন্থৰে হুই প্রকার ধারণা

আমাদিগেব উপস্থিত হ্ব—শাল্ল এই কথা বলেন।
প্রথমটিতে আরোহণ কবিষা জগৎকপ পদার্গটা কভদ্র সভ্য বুরিজে

^{*} স চ ভগবাদ্ । অজাহবাথো ভূতানামীখনে নিতাওকন্তৰভাবোহিসি সন্
স্মায়থা দেহবানিব জাভইব লোকাকুন্তহং কুৰ্বন্ লক্ষ্যতে।

গীত।--শাহরভারের উপক্রমণিকা।

[া] শারীরকভারে অধ্যাসনির পণ দেব।

ষাইলে প্রত্যক্ষ বোধ হব, উহা নাই বা কোনও কালে ছিল না—
'একমেবান্বিতীয়ং ব্রহ্ম-বস্তু ভিন্ন অন্ত কোন বস্তু নাই; আর নিতীয় বা
কৈতভাব-ভূমিতে থাকিয়া জগৎটাকে দেখিলে নানা নামকপেব
সমষ্টি উহাকে সভ্য ও নিত্য বর্ত্তমান বলিয়া বোধ হর, যেমন আমাদিনের ক্লান্ত মানবসাধারণের সর্কক্ষণ হইতেছে। দেহত্ব থাকিয়াও
বিদেহভাবসম্পর অবতাব ও জীবন্যুক্ত পুক্ষদিপেব অবৈভভূমিতে
অবস্থান জীবনে অনেক সময় হওবায় নিমেব বৈভভূমিতে অবস্থানকালে জগৎটাকে স্থপ্পুল্য মিথা। বলিয়া ধাবণা হইয়া থাকে। কিন্তু
জাগ্রদবন্থার সহিত তুলনায় স্থপ্ন মিথা। বলিয়া প্রবাধা প্রতীত হইলেও স্থপ্ন
সম্পর্শনকালে যেমন উহাকে এককালে মিথা। বলা যায় না, জীবন্মুক্র
ও অবভার-পুক্ষদিগের মনের জগদাভাসকেও সেইরপ এককালে
মিথা বলা চলে না।

জগৎরূপ পদার্থটাকে পূর্ব্বোক্ত ছই ভূমি হইতে যেমন ছই ভাবে দেখিতে পাওয়া যায, তেমনি আবাব উহাব অস্তর্গত কোন ব্যক্তি-বিশেষকেও এরপে ছই ভাবভূমি হইতে ছই প্রকারে দেখা গিয়া থাকে। বৈভভাব-ভূমি স্ইতে দেখিলে এ ব্যক্তিকে বন্ধমানব এবং

উচ্চতৰ ভাৰভূষি হইতে ৰূপৎ সহজে ভিন্ন উপস্থিয় পূর্ণ অধৈতভূমি হইতে দেখিলে তাহাকে নিত্য-শুদ্ধ-মূক্তস্কল বন্ধা বলিয়া বোধ হয়। পূর্ণ অবৈত-ভূমি ভাববাঞ্যের মর্কোচ্চ প্রদেশ। উহাতে

আরোহণ করিবাব পূর্বে মানব-মন উচ্চ উচ্চতর
নানা ভাবভূমির ভিতর দিয়া উঠিয়া পরিশেষে গন্তবাহলে উপস্থিত
হয়। ঐ সকল উচ্চ উচ্চতন ভাবভূমিতে উঠিবাব কালে জগৎ ও
তদন্তর্গত ব্যক্তিবিশেষ ভিন্ন ভিন্ন ভাবে সাধকের নিকট প্রতীমমান
হইতে থাকিষা উহাদের সম্বন্ধে তাঁহার পূর্বে ধাবণা নানাবণে পবিবর্তিত
হইতে থাকে। যথা—ভগৎটাকে ভাবমর বলিয়া বোধ হয়; অথবা,

ব্যক্তিবিশেষকে শরীর হইতে পৃথক, অদৃষ্টপূর্ব শক্তিশালী, মনোময় বা দিবা জ্যোতির্শন ইত্যাদি বলিবা বোধ হইতে থাকে!

অবতাব-পূক্ষদিগেব নিকট শ্রদ্ধা ও ভক্তিসম্পন্ন হইয়া উপস্থিত হইলে সাধাবণ মানব অজ্ঞাতসারে পূর্বোক্ত উচ্চ অবতার-পূক্ষদিগেব উচ্চতব ভাবভূমিতে আরুচ হইয়া থাকে। অবশ্ব শক্তিতে মানব উচ্চত তাহাদিগেব বিচিত্র শক্তিপ্রভাবেই ভাহাদিগের উচ্চাদিগের সাম্বাদ্ধান্ত হানব-

ভাষাদিগকে মানব- ্র প্রকাব আবোহণসামর্থ্য উপস্থিত হয়। অত্যাক্ত ভাবপরিশৃষ্ণ দেশে। বুঝা ধাইতেছে, ্র সকল উচ্চভূমি হইতে তাঁহা-

দিগকে একণ বিচিত্রভাবে দেখিতে পাইয়াই ভক্ত সাধক তাঁহাদিগের সম্বন্ধে ধাবণা কবিদা বলেন বে, বিচিত্রশক্তিসম্পন্ন দিব্যভাবই তাঁহাদিগের দথার্থ স্বক্রপ এবং ইতসমাধাবণে তাঁহাদিগেব ভিতবে বে মানবভাব দেখিতে পার তাহা তাঁহাবা মিথ্যাভাগ কবিমা তাহাদিগকে দেখাইনা পাকেন। ভক্তিব গভীবতাব সঙ্গে ভক্ত সাধকেব প্রথমে ঈশবের ভক্তসকলেব সম্বন্ধে এবং পবে ঈশবের ক্লগৎ সম্বন্ধে একপ ধারণা হইছে দেখা গিয়া থাকে।

পুর্বে বলিষাছি, মনের উচ্চ ভূমিতে আবোহণ কবিয়া ভাবরাজ্যে

অবতার-পুক্ষদিগের মনেব ক্রমোন্নতি। জীব ও মবতাবেব ' শব্দির প্রভেদ। দ্ধ বিষয়সকলে, জগতে প্রতিনিয়ত পরিদৃষ্ট বঙ্ক পু ব্যক্তিসকলের স্থায় দৃঢ় অন্তিত্বাস্কুত্বন, অবতার-পুক্ষসকলের জীবনে শৈশর কাল হইতে সময়ে সময়ে দেখিতে পাওয়া যায়। পরে, দিনের পর

বতই দিন বাইতে থাকে এবং একপ দর্শন তাঁহাদিগের জীবনে বাবদাব যত উপস্থিত হইতে থাকে, তত তাঁহাবা স্থল, বাহ্ জগতের অপেক্ষা ভাবরাজ্যের অন্তিত্তেই সমধিক বিশ্বাসবান হইয়া পড়েন ৷ পরিশেষে, সর্কোচ্চ অবৈভভাব-ভূমিতে উঠিয়া বে একমেবাদিতীয়ং বন্ধ হইতে নানা নামক্রপম্য জগতের বিকাশ হইয়াছে তাঁহার সন্ধান পাইয়া ভাঁহাবা সিম্বকাম হন। জীবনুক্ত প্রথদিগের সহয়েও এরপ হইয়া থাকে। তবে অবতার-প্কষেরা অভি বল্লকালে বে সত্যে উপনীত হন তাহা উপলব্ধি কবিতে তাঁহাদিগেব আজীবন চেষ্টার আবস্ত্রক হয়। অথবা, স্ববং স্বল্লকালে অহৈত-ভূমিতে আবোহণ কবিতে পারিলেও অপবকে ঐ ভূমিতে আবোহণ কবাইয়া দিবার শক্তি তাঁহা-দিগের ভিতব, অবতাব-প্রথদিগেব সহিত তুলানাম অতি অল্লমাত্রই প্রকাশিত হয়। ঠাকুবেব ঐ বিষয়ক শিক্ষা স্ববণ কর—"জীব ও অবতারে শক্তিব প্রকাশ লইষাই প্রভেন।"

অবৈত-ভূমিতে কিছুকাল অবস্থান কবিষা জগৎ-কাবণের সাক্ষাৎ প্রত্যক্ষে পবিতৃপ্ত ইইষা অবতাব-পুৰুষেব৷ দখন অবভাৰ---দেধ-মানব, পুনরাধ মনেব নিম্ন ভূমিতে অবরোহণ করেন गर्वास्त्र । তথন সাধাৰণ দৃষ্টিতে মানবমাত্ৰ থাকিলেও ভাঁহাবা ঘথার্থই অমানব বা দেবমানব পদবী প্রাথ হন। তথন তাঁহাবা জগৎ ও তৎকাৰণ উভ্যু পদাৰ্থকৈ সান্ধাৎ প্ৰত্যন্ধ কৰিয়া তুশনাম বাছান্তর ভগৎটার ছাগাব স্থায় মন্তিত্ব সর্বন। সর্বাত্র অফুডব ক্রিডে থাকেন। তখন তাঁহাদিগেব ভিতৰ দিলা মনে মসাধাৰণ উচ্চৰব্ৰিদমূহ স্বতঃ লোকহিতায় নিতা প্ৰকাশিত হঠতে থাকে এবং জগতে গরিদৃষ্ট সকল পদার্থেব আদি, মধ্য ও অন্ত সম্যক্ অবগত হইয়া তাঁহাবা সর্বজ্ঞ লাভ করেন। সুলদৃষ্টিসম্পন্ন মানব আমরা তখনই তাঁহাদিগেৰ অলৌকিক চৰিত্ৰ ও চেষ্টাদি প্ৰত্যক্ষপুৰ্বক ভাঁহাদিগের অভয় শরণ গ্রহণ করিয়া থাকি এবং তাঁহাদিগেব মুপাব कक्रनाम श्रूनवाय अकथा क्षमम्बर्भ कति दर-विद्यूरी वृद्धि नहेगा বাহুজগতে পরিদৃষ্ট বস্তু ও ব্যক্তিসকলের অবলম্বনে বপার্থ সভালাভ, বা জগৎ-কারণের অনুসন্ধান ও শান্তিলাভ, কখনট সফল হইবাব নহে। পাশ্চাভ্যবিক্তা-পাৰদশী পাঠক আমাদিগের পূর্বোক্ত কথা প্রবণ

করিয়া নিশ্চয় বলিবেন—বাহুলগতের বস্তু ও ব্যক্তিসকলকে অবলয়ন

বহিমুখী বৃদ্ধি লইবা জড়বিজ্ঞানের আলো-চনায কগৎ-কাবণের জ্ঞানলাভ অসম্ভব। করিবা অন্থসদ্ধানে মানবের জ্ঞান আক্রকাল কতদূব উন্নত হইবাছে ও নিত্য হইতেছে তাহা বে দেখিয়াছে দে ^{কি}রূপ কথা কখনই বলিতে পারে না। উত্তবে আমবা বলি—ক্ষতবিজ্ঞানের উন্নতি

বাবা নানবের জ্ঞানবৃদ্ধির কথা সত্য হইলেও উহাব সহাবে পূর্ব-সজ্ঞালভ আমাদিগের কথনই সাধিত চইবে না। কাবণ, যে বিজ্ঞান জগৎ-কাবণকে - জভ অথবা আমাদিগের অপেলাও অথম, নিরুষ্ট দরের বস্ত্র বিনিয়া ধাবণা কবিতে শিলা দিতেছে তাহার উর্নতি বারা আমবা ক্রমণঃ বহিমুথী হইয়া অধিক প্রিমাণে কপ্রসাদি ভোগলাভকেই জীবনের একমাত্র লক্ষ্য বলিয়া দ্বিন করিয়া বসিতেছি। অতএব একমাত্র জড় বস্ত্র হইতে জগতের সকল বস্ত্র উৎপন্ন হইয়াছে একথা যম্বসহায়ে কোন কালে প্রমাণ করিতে পাবিলেও অন্তর্বাভার বিষয়সকল আমাদিগের নিকট চিরকালই অন্ধকাবারত ও অপ্রমাণিত থাকিবে। ভোগবাসনাত্যাগ, ও অন্তর্মুখী রভিসম্পন্ন হওয়ার ভিতর দিয়াই মানবের মুক্তিলাভের পথ, একথা যতনিন না হুদ্যক্ষম হইবে ততদিন আমাদিগের দেশকালাভীত অগ্রও সত্যলাভপূর্বকে শান্তিলাভ অনুব্রবাহতই থাকিবে।

ভাববাজ্যেব বিষয় লইয়া বাল্যকালে সমবে সমবে তন্ময় হইয়া

যাইবাব কথা সকল অবভাব-পুক্ষেব জীবনেই

অবভার-পুক্ষদিগের
ভাবিত পাওবা যায়। প্রীকৃষ্ণ বাল্যকালে স্থীয়

দেবস্বের পবিচয় নানা সময়ে নিজ পিতা মাতা
ও বন্ধবাদ্ধবদিগের হৃদয়ক্ষ ক্রাইয়া দিয়াছিলেন; বুদ্ধ বাল্যে উভানে
বেড়াইতে যাইয়া বোধিক্রমন্তলে সমাধিত্ব হুইয়া দেবতা ও মানবের নম্না-

কর্ষণ করিরাছিলেন ; ঈশা বস্তু পক্ষীদিগকে প্রেমে আকর্ষণপূর্বক বাক্যে

নিজ হতে থাওয়াইরাছিলেন; শব্দ স্থীয় মাতাকে দিবাপজিপ্রভাবে মৃথ ও আরত কবিদা বাল্যেই সংসারত্যাগ করিরাছিলেন;
এবং চৈতন্ত বাল্যেই দিব্যভাবে আবিষ্ট হইয়া ঈর্বপ্রেমিক
হের উপাদের সকল বন্ধব ভিতবেই ঈর্থর-প্রকাশ দেখিতে পান,
একখাব আভাস দিযাছিলেন। ঠাকুবেব জীবনেও একপ ঘটনাব
ভাষাব নাই। দৃষ্টান্তব্বনেপ ক্ষেকটির এথানে উল্লেখ কবিতেছি।
বটনাগুলি ঠাকুরেব নিজ মুখে শুনিবা আমবা ব্রিয়াছি, ভাববাজ্যে
প্রথম তন্ময় হওবা তাহাব অতি অল্ল ব্যসেই হইয়াছিল। ঠাকুর
বলিতেন-- ওদেশে (কামাবপুর্বে) ছেলেদেব ছোট ছোট টেকোয় *
করে মুড়ি থেতে দেয়। যাদেব ঘবে টেকো

ঠাকুরের ছব বংসর বয়সে প্রথম ভাবা-বেশের কথা। নাই তাবা কাপড়েই মুদ্ধি খার। ছেলেবা কেউ টেকোয, কেউ কাপড়ে মুদ্ধি নিয়ে খেতে থেতে

মাঠে খাঠে বেড়িষে বেড়ার। সেটা জাৈঠ কি
আবাত মাস হবে; মামাব তথন ছয় কি সাত বছৰ বযস।
একদিন সকাল বেলা ঠেকোৰ মৃতি নিষে মাঠেব আল্পথ দিয়ে খেতে
খেতে যাছি। আকাশে একখানা সুন্দৰ জলভবা মেঘ উঠেছে
—ভাই দেখছি ও খাছি। দেখুতে দেখুতে মেঘখানা মাকাশ
প্রাব ছেবে ফেলেছে, এমন সময় এক ঝাঁক সাদা ছথেব মত বক ঐ
কাল মেঘের কোল দিয়ে উড়ে যেতে লাগুলো। সে এমন এক
বাহার হলো।—দেখতে দেখতে মপুর্বভাবে তয়ম হয়ে এমন একটা
অবস্থা হলো বে, আব হঁদ্ বইলো না! পতে গেল্ম—মৃতিগুলি
আলের ধারে ছডিয়ে গেল। কতক্ষণ ঐভাবে পড়েছিলাম, বল্তে
পাবি না, লোকে দেখতে পেষে ধবাধিব কবে বাড়ী নিষে এসেছিল।
সেই প্রথম ভাবে বেছঁদ্ হয়ে যাই।"

[🛊] চুৰ্জি।

ঠাকুরের জন্মহান কামারপুকুরের এক জোশ আন্ধান্ধ উত্তরে আফুড় নামে গ্রাম। আন্থড়ের বিষশকী • জাগ্রতা দেবী। চতুঃপার্শহ

বিশালান্দ্রী দর্শন
করিতে বাইবা ঠাকুরের দ্বিতীয় ভাবাবেশের কথা।

দ্ব দ্রান্তবেব প্রাম হইতে গ্রামবাসিগণ নানা প্রকাব কামনাপ্রণেব জন্ত দেবীর উদ্দেশে পূজা মানত করে এবং অভীষ্টসিদ্ধি হইলে ষ্ণাফালে আসিয়া পূজা বলি প্রভৃতি দিয়া যায়। অবস্ত,

আগন্তক যাত্রীদিগের ভিতব স্ত্রীলোকেব সংখ্যাই অধিক হয়, এবং বোগশান্তিব কামনাই অক্তান্ত কামনা অপেকা অধিক সংখ্যক লোককে এখানে
আরুষ্ট করে। দেবীব প্রথমাবির্ভাব ও আত্মপ্রকাশ সম্বন্ধীয় গত্র ও গান
কবিতে করিতে সহংশব্দাতা গ্রাম্য স্ত্রীলোকেরা দলবদ্ধ হইয়া নিঃশক্ষচিত্তে
প্রান্তব পাব হইয়া দেবীদর্শনে আগমন কবিতেছেন—এ দৃশ্র এখনও
দেখিতে পাওয়া যায়। ঠাকুবেব বাল্যকালে কামাবপুকুর প্রভৃতি গ্রাম
যে বছলোকপূর্ণ এবং এখন অপেকা অনেক অধিক সমৃদ্ধিশালী ছিল
তাহাব নিদর্শন, জনশৃত্য জঙ্গলপূর্ণ ভয় ইট্টকালয়, জীর্ণ পতিত্ত
দেবমন্দির ও রাসমঞ্চ প্রভৃতি দেখিয়া বেশ ব্রিতে পাবা যার।

^{*} উক্ত দেবীর নাম বিষ্কৃত্বী বা বিষালান্ত্রী তাই। দ্বির কবা কটিন। প্রাচীন বালালা এছে মনসা দেবীৰ অস্তু নাম বিষ্কৃত্রী দেখিতে পাওয়া যায়। বিষ্কৃত্রী দক্ষি বিষ্কৃত্রী বিষ্কৃত্রী করে হইতে পারে। আবাৰ মনসা-মললাদি এছে মনসাদেবীয় করে বর্ণনার বিশালান্ত্রী শক্ষেও প্রযোগ আছে। অতএব মনসা দেবীই সম্ভবতঃ বিষ্কৃত্রী বা বিশালান্ত্রী নামে অভিহিতা হইয়া এখানে লোকেব পূঞা এছণ করিয়া থাকেন। বিষ্কৃত্রী বা বিশালান্ত্রী দেবীর পূঞা বাচেব অন্তত্ত্র অনেক স্থলেও দেবিতে করে। বাষাবপুক্র হইতে বাটাল আসিবাৰ পথে একছলে আসরা উচ্চ দেবীর ক্ষাব সন্দিব দেবিয়াছিলাম। মন্দিবদলের নাট্যমন্দিব, পুকরিনী, বাগিচা ক্ষাব সন্দেব দেবিয়াছিলাম। মন্দিবদলের নাট্যমন্দিব, পুকরিনী, বাগিচা ক্ষাবিয়া ধারণা হইয়াছিল, এখানে পূজাব বিশেষ বন্ধোবন্ধ আছে।

সেক্স আমাদের অস্থান, আস্ডের দেবীর নিকট তথন বাজিসংখ্যাও অনেক অধিক ছিল।

প্রান্তর মধ্যে শৃষ্ণ অন্বতলেই দেবীৰ অবস্থান, বর্ষাতপাদি হইতে রক্ষার জন্ত ক্ষকেরা সামাত্য পর্ণাচ্ছাদন মাত্র বংসর কবিয়া দেয়। ইষ্টকনির্দ্ধিত মন্দির যে এককালে বর্ত্তমান ছিল তাহাব প্রিচয় পার্থেব ভয়ন্তপে পাওযা যায়। গ্রামবাসীদিগকে উক্তমন্দিরের কথা জিল্ফাসা করিলে বলে, দেবী স্বেচ্ছায় উহা ভাঙ্গিয়া কেলিয়াছেন। বলে—

গ্রামের বাধাল বালকগণ দেবীর প্রিয় সঙ্গী: প্রাত:কাল হইতে ভাহাৰা এখানে আদিয়া গৰু ছাড়িয়া নিয়া বসিবে, গল্প গান কৰিবে, শেলা করিবে, বনদূল তুলিয়া তাঁহাকে সাজাহতে এবং দেবীৰ উদ্দেশে বাজী বা পথিকপ্রদন্ত মিষ্টাল ও প্রদা নিজেবা গ্রহণ কবিষা আনন্দ করিবে—এ সকল মিষ্ট উপদ্রব না হইলে তিনি থাকিতে পাবেন না। এক সমবে কোন গ্রামের এক ধনী ব্যক্তিব অভীষ্ট পূর্ণ হওয়ায় সে ঐ মন্দিব নিশ্মাণ কৰিয়া দেয় এবং দেবীকে উহাব মধো প্ৰতিষ্ঠিতা করে। পুবোহিত দকাল সন্ধ্যা, নিভা বেমন আদে, আদিযা পূজা করিষা মন্দিরম্বাব রুদ্ধ কবিষা যাইতে লাগিল এবং পূজাব সময় ভিন্ন অক্ত সমযে, যে সকল দর্শনাভিলাষী আসিতে লাগিল তাহারা चारतत कांक् वित वक् यथा निया नर्ननी व्यनायी यनिस्तव गरथा निरक्तन করিবা বাইতে থাকিল। কাজেই ক্লবাণ বালকদিগের সাব পূর্বের ন্তায় ঐ সকল প্ৰসা আত্মসাৎ কৰা ও মিষ্টন্নাদি ক্ৰয় কৰিয়া দেবীকে একবাব দেখাইয়া ভোজন ও আনন কবাব স্থবিধা বহিল না। তাহারা কুগমনে যাকে জানাইল—যা মন্দিবে চৃকিয়া আমাদের পাওয়া বন্ধ করিলি ? তোর দৌলতে নিতা লাড্ডু মোয়া পাইসম, এখন সামাদের আর এ সকল কে গাইতে দিবে ? সরল বাণ

বালকদিগের ঐ অভিযোগ দেবী শুনিলেন এবং সেই রাত্রে মন্দির এমন ফাটিয়া গেল বে পরদিন ঠাকুর চাপা পড়িবার ভয়ে প্রোহিত শশবান্তে দেবীকে প্নবায় বাহিবে অয়য়তলে আনিয়া রাখিল। তলবিধি যে কেই প্নবায় মন্দির নির্দাণের জল্প চেষ্টা করিয়াছে তাহাকেই দেবী স্বপ্নে বা অল্প নানা উপাষে জানাইয়াছেন, ঐ কর্ম তাহাক অভিপ্রেত নয়। গ্রামবাসীবা বলে—তাহাদেন কাহাকেও কাহাকেও মা ভয় দেখাইয়াও নিবস্ত কবিয়াছেন।—স্বপ্নে বলিয়া-ছেন, "আমি বাগালবালকদেব সঙ্গে মাঠেব মাঝে বেশ আছি; মন্দিবমধ্যে আম্বাম আবদ্ধ কর্লে তোর সর্মনাশ কন্বো—সংশ্রে জাহাকেও জীবিত বাশ্বো না।"

ঠাকুনেব আট বংশর ববস—এখনও উপন্যন হব নাই। প্রামের ভদ্রখনেব অনেকগুলি রীলোক এক দিন দলবদ্ধ ইইবা পুর্ব্বোক্ত-রূপে ∨িবশালাকী দেবীব মানত শোধ কবিতে মাঠ ভালিয়া যাইতে লাগিলেন। ঠাকুবেব নিজ পবিবাবের হই একজন জীলোক এবং গ্রামেব জমিদার ধর্মদাস লাহার বিধবা কলা প্রসর ইহাদের সঙ্গে ছিলেন। প্রশাসের সন্লভা, ধর্মপ্রোণভা পবিত্রতা ও আমাধিকতা সন্তব্বে উচ্চ ধারণা ছিল। সকল বিষয় প্রসামকে জিজ্ঞাসা করিয়া তাঁহাব পবামর্শ মত চলিতে ঠাকুর, মাতাঠাকুবাণীকে অনেক্রার বলিয়াছিলেন এবং প্রসারের কথা সমরে সমবে নিজ জীভক্ক দিগকেও বলিতেন। প্রসারও ঠাকুবকে বালককাল হইতে অরুত্রিম স্নেই করিতেন। এবং অনেক সম্য তাঁহাকে বথার্থ গদাধ্ব বলিয়াই জ্ঞান করিতেন। প্রবান জীলোক পদাধ্বের মুখে ঠাকুর দেবতার পূণা কথা এবং ভক্তিপূর্ণ সঙ্গীত গুনিয়া মোহিত হইবা অনেক্রার পূণা কথা এবং ভক্তিপূর্ণ সঙ্গীত গুনিয়া মোহিত হইবা অনেক্রার গাহাকে জিজ্ঞাসা করিতেন—"হা গদাই, তোকে সমবে সমযে ঠাকুর বলে মনে হয় কেন বল্ দেখিণু হাঁবে, স্তিয় স্তিয়ই ঠাকুর মনে

হয়।" গদাই শুনিয়া মধুর হাসি হাসিতেন কিছা কিছুই বলিতেন
না; অথবা অক্ত পাঁচ কথা পাড়িয়া তাঁহাকে ভুলাইবাব চেষ্টা
করিতেন। প্রসন্ন সে সকল কথায় না ভুলিয়া গদ্ধীরভাবে ঘাড়
নাড়িয়া বলিতেন—"তুই ঘাই বলিস্ তুই কিছা মানুষ নোস্।" প্রসন্ন
করিয়া দিতেন। পাল পার্বলে ও মন্দিবে যাত্রা গান হইড। প্রসন্ন কিছা
ভাষার অক্সই শুনিতেন। জিজ্ঞাসা কবিলে বলিতেন—"গদাইবেব গান
শুনে আর কোন গান মিঠে লাগেনি—গদাই কান থানাপ কলে দিয়ে
গিরেছে।"—অবশ্র এ সকল মনেক প্রেব কথা।

জীলোকেবা বাইতেছেন দেখিয়া বালক গদাই বলিয়া বসিলেন, 'আমিও বাইব।' বালকেব কট হইবে ভাবিয়া সীলোকেরা নামান্নপে নিষেধ করিণেও কোন কথা না শুনিষা গদাধন সঙ্গে সঙ্গে চলিলেন। স্নীলোক-দিগেরও তাহাতে আনন্দ ভিন্ন বিরক্তি হইল না। কাবণ, সর্বাদা প্রভুগ্নচিত্ত রক্ষরস্থিয়ে বালক কাহার না মন হবণ কবে ? তাহাব উপব এই অল্প ব্যাদে গদাইবের ঠাকুব দেবতার গান ছড়া সব কণ্ঠস্থ। পপে চলিতে চলিতে তাঁহাদিগেব অন্থরোধে তাহাব ছই চাবিটা মে বলিবেই বলিনে। আম ফিবিবান সময তাহার ধ্রুখা পাইলেও ক্তি নাই, দেনীব প্রেসাদী নৈবেক্ত হুদ্ধাদি ত তাঁহাদিগেব সঙ্গেই থাকিবে, অবে আব কি ? গদাইবেৰ সঙ্গে বাওয়ায় বিরক্ত হুইবাব কি আছে বল। ব্যাদীয়া চলিক্ষেন এবং গদাইও তাহাবা নেকপ ভাবিয়াছিলেন, ঠাকৰ দেবতাৰ গল্প গান করিতে ক্বিতে হুইচিতে চলিতে লাগিলেন।

কিন্ত বিশালাক্ষী দেবীর মহিমা কীর্ত্তন কবিতে কবিতে প্রান্তব পাব হইবাব পূর্ব্বেট এক অভাবনীর বটনা উপস্থিত হটল। বালক গান করিতে করিতে সহসা থামিয়া গেল, তাহার অঙ্গ প্রত্যঙ্গাদি অবশ আড়ুই হইয়া গেল, চক্ষে অবিরল জলধারা বহিতে লাগিল এবং 'কি অন্থ করিতেছে বলিরা তাঁহাদিগের বাবহার সলেহ আহ্বানে দাড়া পর্যন্ত দিল
না। পথ চলিতে অনভ্যন্ত, কোমল বালকের রোজ লাগিয়া দর্দি গর্দ্ধি
হইয়াছে ভাবিয়া রমনীগণ বিশেষ শক্ষিতা হইলেন এবং সরিহিত প্রুরিনী
হইতে জল আনিনা বালকের মন্তকে ও চক্ষে প্রদান করিতে লাগিলেন।
কিন্তু তাহাতেও বালকেব কোনকণ সংজ্ঞাব উদয় না হওয়ায তাঁহারা
নিতান্ত নিরূপায় হইরা ভাবিতে লাগিলেন, এখন উপায় ।— দেবীর
মানত পূজাই বা কেমন কবিনা দেওবা হব এবং শবের বাছা গদাইকে
বা ভালম ভালম কিরূপে গছে ফিবাইমা লইয়া যাওয়া হয়, প্রান্তরে
জনমানব নাই যে সাহায্য কবে—এখন উপায় । স্ত্রীলোকেরা বিশেষ
বিপরা হইলেন এবং ঠাকুর দেবতাব কথা ভ্লিয়া বালককে বিরিয়া বিশিষ
কথন ব্যক্ষন, কখন জলসেক এবং কখন বা তাহার নাম ধ্বিষা ভাক্ষভাকি কবিতে লাগিলেন।

কিছুকাল এইকপে গত হইলে প্রসন্নেব প্রাণে সহদা উদয় হইল—
বিশ্বাদী সবল বালকের উপদ দেবীৰ ভব হয় নাই ত দ—সবলপ্রাণ পৰিত্র
বালক ও দ্বীপ্ত্যদেব উপরেই ত দেবদেবীৰ ভব হয়, গুনিবাছি। প্রসন্ন
সঙ্গী বমণীগণকে একথা বলিলেন এবং এখন হইতে গদাইকে না ডাকিয়া
একমনে ৴বিশালাক্ষীৰ নাম করিতে জমুবোধ কবিলেন। প্রসন্নেব পূণাচারিত্রো তাঁহাৰ উপন শ্রদ্ধা বমণীগণেৰ পূর্ব হইডেই ছিল, স্কুরাং
সহজেই ঐ কথায় বিশ্বাদিনী হইয়া এখন দেবীজ্ঞানে বালককেই সন্ধোধন করিষা বারন্থাৰ বলিতে লাগিলেন—'মা বিশালাক্ষি প্রসন্না হও, মা
রক্ষা কব, মা বিশালাক্ষি মুখ তুলে চাও, মা অকুলে কুল দাও।'

আশ্চর্যা ! বর্মণাগণ করেকবার ঐকপে দেবীব নাম গ্রহণ করিতে না করিতেই গদাইরের মুখমঞ্জল মধুব হাজে রঞ্জিত হইয়৷ উঠিল এবং বালকের অল্প সল্ল সংজ্ঞার লক্ষণ দেখা গেল ! তথন আশাসিতা হইয়৷ ভাছারা বালকশ্রীলে ৰাজবিকই দেবীর ভর হইযাছে নিশ্চম করিয়া ভাছাকে পুনঃ পুনঃ প্রণাম ও মাতৃসযোধনে প্রার্থনা করিতে লাগিলেন। *

ক্রমে সংজ্ঞালাভ কবিয়া বালক প্রকৃতিস্থ হইল এবং আশ্চর্যোব বিষয়, ইতিপ্রের একপ অবস্থার জন্ত তাহার শরীবে কোনকপ অবসাদ বা চর্মলতা লক্ষিত হইল না। রমণীগণ তথন তাহাকে লইণা ডক্তি-গদগদিচিত্তে ৮দেবস্থানে উপস্থিত হইলেন এবং যথাবিধি পূজা দিয়া গৃহে ফিবিহা ঠাকুবের নাতার নিকট সকল কথা আভোপাস্থ নিবেদন কবিলেন। তিনি তাহাতে ভীতা হইযা গদাইবের কল্যাণে সেদিন কুল-দেবতা ৮বঘুরীরের বিশেষ পূজা দিলেন এবং ৮বিশালাসীর উদ্দেশে পুনঃ পুনঃ প্রণাম কবিষা তাঁহারও বিশেষ পূজা অসাকার কবিলেন।

শ্রীবামক্ষ-জাবনেব আন একটি ঘটনা, বাল্যকাল হটতে তাঁহান উচ্চ স্থাবভূমিতে মধ্যে মধ্যে আকত হওগান বিদ্যে বিশেষ সাক্ষ্য প্রানাকবে। ঘটনাটি এইবাপ হইয়াছিল—

কামাবপুকুরে ঠাকুনের পিত্রালযের দক্ষিণ শেকিমে বিয়দ নৈ একঘর স্বর্গ-বিণিক বাস কবিত। পাইন্বা যে, তথন বিশেষ এমান
ছিল তৎপরিচ্য তাহাদের প্রতিষ্ঠিত বিচিত্র কানকার্যাথচিত ইউকনির্মিত শিবমন্দিরে এখনও পাওবা বাষ। ঐ পরিবারের তুই একজন
শাক্ত এখনও বাঁচিয়া আছে এবং ঘর ছার ভগ্ন ও ভূমিদাং হইয়াছে।
গ্রামের লোকের নিকট ওনিতে পাওযা যায় পাইনদের তথন বিশেষ
প্রীকৃদ্ধি ছিল, বাটীতে লোক ধরিত না এবং জমী জাবাং, চাষ বাস,
গক্ষ লাজলও যেমন ছিল নিজেদের ব্যবসায়েও তেমনি বেশ ক্রপ্যসা
আর ছিল। তবে পাইনবা গ্রামের জমিদারদের মত ধনাত্য ছিল না,
মধ্যবিং গৃহত্ব-শ্রেণীভূক্ত ছিল।

^{*} কেহ কেহ বলেন, এই সময়ে ভক্তির আডিশ'ষা খ্রীজাকেরা বিশালাকীর নিমিত্ত আনীত নৈবেড্যাদিও বালককে ভৌজন করিতে বিয়াছিলেন।

পার্টনদের কর্তা বিশেষ ধর্মমিট ছিলেন। সমর্থ হইলেও নিজের বসতবাটাট ইউকনির্মিত করিতে প্ররাস পান নাই, বরাবর মাঠ-কোটাতেই • বাস করিতেন ; দেখালয়ট কিছু

শিবরাত্রিকালে শিব সাজিয়া ঠাকুরের ভৃতীব ভারাবেশ। ইউক গোড়াইরা বিশিষ্ট শিল্পী নির্জ করিরা। স্কবভাবে নির্দাণ করিয়াছিলেন। কর্তার নাম সীতানাথ ছিল। তাঁহার সাত পুত্র ও আটি

কল্পা ছিল, এবং বিবাহিতা হইপেও কল্পাঙলি, কি কারণে বলিজে পারি না, সর্বাদা পিত্রালয়েই বাস করিত। শুনিরাছি, ঠাকুরের ব্যক্ষল বার বংসর বয়স তথন উহাদের সর্বাকনিষ্ঠা ধৌবনে পারাপুনি, কবিবাছে। কল্পাঙলি সকলেই কপবতী ও দেবছিজভজি-পরারণা ছিল এবং প্রতিবেশা বালক সনাইকে বিশেষ ক্ষেহ্ করিত। ঠাকুর বাল্যকালে অনেক সমর এই ধর্মনিষ্ঠ শিরিবারের ভিতর কাটাইজেন এবং পাইনদেব বাটীতে তাঁহার উচ্চ ভারভূমিতে উঠিয়া অনেক লীলার কথা এখনও গ্রামে ওনিতে পাওয়া বায়। বর্ত্তমান ঘটনাটি

কামাবপুরুরে বিঞ্জক্তি ও শিবজক্তি পরশার বেষাধেষি না করিয়া বেশ পাশাপাশি চলিত বলিয়া বোধ হর। এখনও শিবের গালদের স্থায় বংসর বংসর বিষ্ণুর চিক্ষিশপ্রহরী নাম-সংকীর্ত্তন সমারোকে সম্পন্ন হইয়া থাকে। তবে শিবমন্দির ও শিবছাদের সংখ্যা বিষ্ণু মন্দিরাপেকা অধিক। স্থবর্ণ বণিক্ষিণের ভিতর অনেকেই গোড়া বৈষ্ণুর হইয়া থাকে; নিজ্যানন্দ প্রভুর উদ্ধারণ দত্তকে দীকা দিয়া উদ্ধার করিবার পর হইতে ঐ জাতির ভিতর বৈষ্ণুব মত বিশেষ প্রচলিত। ক্ষাম্মপুরুরের শাইনবা কিছু শিব ও বিষ্ণু উদ্ধরেরই ভক্ষ

বীশ, কাঠ, এড় ও মৃত্তিকাহায়ে নির্বিত বিতপ বাটাকে পরীয়ামে "বাঠ-বোঠা" দলে। ইহাতে ইইকের কশ্রে থাকে দা।

ছিল। বৃদ্ধ কর্জা পাইন, একদিকে বেমন জিসদ্ধা হরিনাম কবিতেন, ক্ষেষ্ট্রিকৈ তেমনি নিবপ্রতিষ্ঠা করিয়াছিলেন এবং প্রতি বংসর শিবসাজি বভগানন করিজেন। রাজিজাগরণে সহায়ক হইবে বলিয়া ব্রজকালে গাইনদের বাটীতে বাজাগানের বন্ধোষত হইত।

🌣 একখার একশে শিবরাজি ব্রতকালে পাইনদের বাটীতে বাজার बालाक्ष रहेबाए । निक्षेक्षी आत्मत्रहे मन, निवमहियांश्रुक ৰীলা গাছিৰে, ব্ৰাত্তি একদণ্ড পরে যাত্রা বসিবে। সন্ধাৰ সময় .महर्याक भारता - दशम बाजाव मतम त्य दानक निय माण्या थाटक, ভাষার সহসা কঠিন পীড়া হইরাকে, শিব সান্ধিবার লোক বহু সন্ধানেও পাওয়া বাইতেছে না, অধিকারী হতাশ হইয়া অন্তকার নিমিত্ত বাত্রা বন্ধ বাধিতে মিনতি করিয়া পাঠাইযাছেন। এখন উপায় ? পিব-স্থাজিতে রাজিজাগরণ কেমন করিয়া হয় ? বুল্কেরা পরামর্শ করিতে হসিলেন এবং অধিকারীকে বিজ্ঞানা করিয়া পাঠাইলেন, শিব সাজিবাব লোক দিলে তিনি অন্ত রাত্রে যাত্রা করিতে পাবিবেন কি না। উত্তর আফিল, পিৰ সাজিবাব লোক পাইলে পারিব। গ্রাম্য পঞ্চারেৎ আযার পরামর্শ ছুড়িল, শিব সাজিতে কাহাকে অমুরোধ করা যায়। ক্তির হইল, গদাইরের নয়স জন্ম হইলেও নে অনেক শিবেব গান काट्स ध्यः निर माक्रिल छोहारक प्रभाहेर्द्य छोन, छोहारकहे रका যাক। তবে শিব সাঞ্জিয়া একটু আধটু কথাবাৰ্তা কহা, তাহা অধি-कांद्री श्रद्धः कोनल हानाहिद्या नहेत्व। श्रेमाधवत्क वना हहेन। সকলের আগ্রহ দেখিয়া তিনি ঐ কার্যো সম্মত হইলেন। পূর্বনিদ্ধারিত কথায়ত বাত্তি একদণ্ড পরে বাত্রা বসিল।

গ্রামের জনীলার ধর্মদাস লাহার, ঠাকুরের পিজার সহিত বিশেষ সৌহার্ম থাকার তাহার জােঠ প্র গয়াবিষ্ণু লাহা ও ঠাকুর উভরে ভাঙাং' পাভাইয়াছিলেন। 'ভাঙাং' শিব সাজিবেন জানিয়া গয়াবিষ্ণু

ও উাহার দশবল যিলিয়া ঠাকুমের অভ্যাপ বেশভূষা করিয়া निएक गानिएमन। ठीकूत भित्र माखिया माजधात यमिया भिएकत कथा , ভাবিতেছিলেন, এমন সময় তাঁছায় আসরে ভাক পছিল এক ভাঁছার वकुतिरात्र मर्था क्टेनक श्रथक्षार्मन कविश छोडारक जामरवन हिस्क লইয়া যাইতে উপস্থিত হইল। বন্ধুর আহ্বানে ঠাকুর উঠিলেন এক কেমন উন্মনাভাবে কোনদিকে লক্ষ্য না কবিলা ধীরমন্থর গাড়িছে সভাত্তৰ ^ক উপস্থিত হইয়া স্থিনভাবে দণ্ডায়মান হইলেন। ভাষ্ম[া] ঠাকুরেব সেই জটাজটিল বিভূতিমণ্ডিভ বেশ, সেই ধীরস্থিক পাছ-ক্ষেপ ও পরে অচল অটল অবস্থিতি, বিশেষতঃ সেই অপার্টিব অন্তৰ্থী নিৰ্নিমেৰ দৃষ্টি ও অধরকোণে ঈষৎ হাভবেধা দেখিয়া কোকে আনলে ও বিশ্বরে যোহিত হইয়া পল্পীগ্রামের প্রথামত সহস্য উদ্ভব্তর হরিধ্বনি করিয়া উঠিল এবং ব্যণীগণেও কেই কেই উলুধ্বনি **এ**বং শথধনি কবিতে লাগিল। অনন্তব সকলকে স্থিব করিবার জন্ত আছি-কারী ঐ গোলযোগেব ভিতরেই শিবস্তৃতি আবন্ধ করিলেন। ভারাতে শ্রোতাবা কথফিৎ স্থির হইল বটে, কিন্তু পরস্পরে ইদারা ও গা ঠেলিয়া 'বাহবা' 'বাহবা', 'গদাইকে কি অন্তর দেখাইডেছে, জোডা শিবের পালাটা এত মুন্দর কব্তে পাব্বে তা কিছ ভাবিনি, ছোডাকে वांशित नित्य बांभातन धक्छ। याखांच नन कत्न हर', हेलामि-নানা কথা অমুচ্চস্বরে চলিতে লাগিল। গদাধর কিন্ত তথনও সেই একই ভাবে দণ্ডায়মান, অধিকর তাঁহাব বন্ধ বহিষা অবিবত নথনাঞ পতিত হইতেহে ৷ এইরূপে কিছুক্ষণ অতীত হইলে গদাধর তথমপ্ত স্থান পরিবর্ত্তন বা বলা কহা কিছুট করিতেছেন না দেখিয়া অধিকারী ও পল্লীব বৃদ্ধ গুই জন বালকের নিকটে গিয়া দেখেন ভাছার হন্ত পদ অসাভ বালক সম্পূর্ণ সংজ্ঞানুতা। তথন গোলমাল বিপ্তণ বাভিয়া छेठिन। त्यर रनिन-यन, क्रांट्र यूप वन मांच; त्यर यनिन- বাতাস কর; কেহ বলিল—শিবেব তর হবেচে, নাম কর; আবার কেহ বলিল—হোড়াটা রসভল কব্লে, বাতাটা আর শোনা হোলো না দেখটি! যাহা হউক, বালকের কিছুতেই সংজ্ঞা হইতেছে না দোখনা যাত্রা ভালিয়া গেল এবং গদাধরকে কাঁধে লইয়া করেক জন কোনরপে বাড়ী পোঁছাইযা দিল। শুনিযাছি, সে বাত্রে গদাধবের কো ভাব বহু প্রয়ন্তে ভল হব নাই, এবং বাড়ীতে কারাক।টি উঠিয়া-ছিল। পরে স্ব্রোদ্য হইলে তিনি আবাব প্রকৃতিত হইয়াছিলেন। *

क्ट क्ट रामन, जिमि जिन किन ममणाय में क्रवणांव हिलन।

তৃতীয় অধ্যায়।

সাধকভাবের প্রথম বিকাশ।

ভাবতন্ময়তা সহজে পূর্বোক্ত ঘটনাগুলি ভিন্ন আরও অনেক কথা
ঠাকুবেব বালাজীবনে শুনিতে পাওয়া বাদ। ছোট
ঠাকুবের বালাজীবনে
ভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার পরিভাবতন্মরতার স্মুটাল্ড।
পরিচ্য আমরা স্মুট্যে সমুট্যে থাকি।

বেমন—গ্রামেব কুন্তকাব শিবছর্গাদি দেবদেবীর প্রতিমা গড়িতেছে,
বষস্তবর্গের সহিত থথা ইচ্ছা বেড়াইতে বেড়াইতে ঠাকুর তথার আগমন কবিয়া মূর্জিগুলি দেখিতে দেখিতে সহসা বলিলেন, 'এ কি হইয়াছে !
দেব-চক্ কি এইকপ হয় ! এই ভাবে আঁকিতে হয়'—বলিয়া
বে ভাবে টান দিয়া অন্ধিত কবিলে চক্ষে অমানব শক্তি, কয়ণা,
অন্তমুখীনতা ও আনন্দেব একতা সমাবেশ হইবা মূর্জিগুলিকে জীবন্ধ
দেবভাবসম্পন্ন করিয়া তুলিবে, তাহাকে তদ্বিষ বুঝাইয়া দিলেন ! বালক
গদাধব কথনও শিক্ষালাভ না কবিয়া কেমন কবিয়া ঐ কথা বুঝিতে ও
বুঝাইতে সক্ষম হইল, সকলে অবাক হইবা তাহা ভাবিতে থাকিল এবা
ঐ বিষয়েব কাবণ খুঁজিয়া পাইল না !

বেমন ক্রীড়াচ্ছলে ব্যস্তদিগের সহিত কোন দেববিশেষের পূজা কবিবাব সঙ্কল্প কবিষা ঠাকুব শ্বহন্তে ঐ মূর্দ্তি এমন স্থন্দরভাবে গড়ি-লেন বা আঁকিলেন যে লোকে দেখিষা উহা দক্ষ কুম্ভকার বা পটুয়ার কার্য্য বলিয়া স্থির করিল।

বেমন—অবাচিত অভর্কিভভাবে কোন ব্যক্তিকে এমন কোন কথা বলিলেন, বাহাতে ভাহার মনোগড বহুকালের সন্দেহজাল বিটিয়া বাইয়ানে তাহান ভাবী জীবন নির্মিত করিবার বিশেষ সন্ধান ও শক্তি লাভপূর্কক ভড়িতহানরে ভাবিতে লাগিল, বালক গদাইকে আন্তর্ম করিয়া তাহার সারাধ্য দেবতা কি করণার তাহাকে এরপে পর্য দেখাইলেম।

বেষন—শাল্পক্ত পণ্ডিতেবা বে প্রশ্নেব মীমাংসা করিতে পারিতে-ছেন না বালক গদাই ভাষা এক কথার মিটাইরা দিয়া সকলকে
"উন্নিংকত কবিলেন। *

ঠাকুবেয়, বাল্যজীবন সহজে ঐকণ বে সকল অন্তত ঘটনা আমরা অনিয়াছি ভাষার সকলগুলিই যে তাঁহার উচ্চ ভাবভূমিতে আবোহণ করিয়া দিব্যশক্তি প্রকাশেব পরিচায়ক; তাহা विकटन कीनामन के নহে। উহাদিগেব মধ্যে কতকগুলি जनम शहेबार हर থকার শেলীর নির্দেশ। হইলেও অপর সকলগুলিকে আমবা সাধারণতঃ াছছ শ্ৰেণীতে বিভক্ত করিতে পারি। উহাদিগের কতকগুলি তাঁহার শতুষ্ঠ স্বৃতির, কতকগুলি প্রবল বিচারবৃদ্ধিব, কতকগুলি বিশেষ নিষ্ঠা 🗣 দুরুপ্রতিজ্ঞার, কতকগুলি অসীম সাহসের, কতকগুলি রঙ্গরসপ্রিয়তাব, এবং কডকগুলি অপার প্রেম বা করণার পরিচায়ক। স্কল শ্ৰেণীৰ সকল ঘটনাবলীর ভিতরেই কিন্তু তাঁহার মনেব অসাধারণ বিশাস, পবিজ্ঞতা ও নি:মার্থতা ওতপ্রোতভাবে কড়িত রহিয়াছে বৈখিতে পাওরা হার। দেখা হার, বিখাস, পবিত্রতা ও **স্বার্থ**-হীনভারণ উপাদানে তাঁহার মন বেন স্বভাবতঃ নির্মিত হইয়াছে. এবং সংসাবের নানা ঘাতপ্রতিঘাত উহাতে স্বতি, বৃদ্ধি, প্রতিজ্ঞা, শাহস, রঙ্গরস, প্রেম বা ককণারূপ আকারে তরক্ষসমূহের উদয় কবি-তেছে। কয়েকটি দৃষ্টাজ্যের উল্লেখ করিলেট পাঠক আমাদিগের কণা সমাক্রণে ধারণা করিতে পারিবেন।

ভকতাৰ প্ৰাছি—এই অধ্যাত, ১৩৭ প্ৰা বেখ।

পলীতে রাম যা ককবালা হইয়াছে, অস্তান্ত লোকের স্থিত বাসক গদাধরও তাহা গুলিয়াছে; এসকল পবিত্ত প্রাণকথা ও গানের বিন্তু

অত্ত শ্বতিশন্তির কিছ বালক গদাইরের মনে উহা যে ভাষতর্থ প্রতিশন্তির ।

তুলিয়াছে তাহার বিরাম নাই : বালক ঐ সকলের

প্নরার্ত্তি কবিষা আনলোগভোগের জন্ত বয়ন্তবর্গকে দ্যীপন্থ আন্তর্গনিশে একতা করিয়াছে এবং উহাদিগের প্রত্যেককে পালাব ভিন্ন ভিন্ন চরিত্তের ভূমিকা যথাসন্তব আয়ন্ত করাইয়া ও আপনি প্রধান চন্দ্রতের ভূমিকা গ্রহণ করিষা উহার অভিনয় করিতে আবস্ত করিয়াছে ! 'নরণ কুষাণ পার্শ্বেব ভূমিতে চাই দিতে দিতে বালকদিগের ঐরূপ ক্রীড়াদর্শনে মুক্ষর্গনে ভাবিতেছে একবাব মাত্র গুনিষা পালাটিব প্রায় সমগ্র কথা ও গানগুলি উহারা এরূপে আয়ন্ত কবিল কিরুপে ?

উপনবনকালে বালক, আজীবসজন এবং সমাজপ্রচলিত প্রশার

ক্ষিত্রতিজ্ঞার দৃষ্টাত।

বিকল্পে ধরিরা বিনিল, কর্মকারজাতীরা ধনী নারী

কামিনীকে ভিক্ষামাতাহকলে ববণ করিবে!
অথবা, ধনীব স্নেহ ভালবাসার মুগ্ধ হইরা এবং তাহার হদবের অভিলাব জানিতে পারিরা বালক সামাজিক শাসনেব কথা ভূলিরা এ নীচ

জাতীব রমণীব স্বহন্ত-পক্ষ ব্যক্ষনাদি কাড়িয়া থাইল।—ধনীর জীভিপ্রস্কু

সাপ্রহ নিষ্ধে বালককে এ কার্য্য হইতে বিব্রু কবিতে পারিল না।

বিভৃতিমণ্ডিত জটাধারী নাগা ককীর দেখিলে সহব বা পল্লীপ্রামেব বালকদিনের হৃদ্ধে সর্বাদ ভয়ের সঞ্চার
ভইবা থাকে। ইরুপ ফকীবেবা অল্পবন্ধ বালকদিগকে নানারপে ভূলাইয়া অথবা হ্যোগ পাইলে বলপ্রয়োগে

धक्छाव ग्र्वाई—वर्ष चवात्र, ३६० गृथा तथ ।

পুরুষেশে লইয়া বাইয়া দলপুষ্টি করে, এরপ কিংবদন্তী বঙ্গের সর্বত্ত প্রচলিত। কামারপুকুরের দক্ষিণ প্রান্তে ৮পুরীধামে ঘাইবার যে পথ আছে সেই পথ দিয়া তখন তখন নিত্য প্ৰৱণ সাধু-ফকীব, বৈৰাগী-বাৰান্দীৰ দল ৰাপ্তৰা আদা করিত এবং গ্রামমধ্যে প্রবেশ করিয়া ভিকার্ভি ছাবা আহাগ্য সংগ্রহপূর্বক ছই এক দিন বিশ্রাম করিয়া গন্ধবা পথে অগ্রসর হটত। কিংবদন্তীতে ভীত হট্যা বয়স্তগণ पूर्त भगारेट वानक भगारे जीख रहेवाव भाव छिल मा। ককীরের দল দেখিলেই দে তাহাদিগের সহিত মিলিয়া মধুবালাপ ও **নেবা**য় তাহাদিগকে প্রসন্ন কবিষা তাহাদেব আচাব-ব্যবহাব লক্ষ্য ক্ষরিবাৰ জন্ত অনেক কাল তাহাদেব দক্ষে কটিটিত। কোন কোন দিন দেবোদেশ্রে নিবেদিত তাহাদিগেব অন্ন থাইযাও বালক বাটীতে ফিবিত এবং মাভার নিকট ট বিষয়ে গল্প কবিত। ভাহাদিগের বেশধারণেব জন্ম বালক একদিন সর্ব্বাঙ্গে **अ**वि ভিলক্তিক এবং পিতা-মাতা-প্রদন্ত নৃত্তন বদনখানি ছিঁডিয়া ব কৌশীন ও বহির্মাসরূপে ধারণপূর্বক জননীব নিকট আগমন कतियां छिन ।

